শ্রীসৌরেন্দ্র সেন গুপ্ত

শ্রীশ্রীদুর্গা ।

জয়তি ।

মেঘদূত কাব্য ।

কবিবর ভগবৎ কালিদাস কৃত ।

শ্রীযুত আনন্দচন্দ্র শিরোমণি কর্ত্তৃক সংশোধন পূর্ব্বক

শ্রীযুত শম্ভুচন্দ্র দত্ত মহাশয়ের অনুমত্যানসারে
শ্রীলালমোহন গুহ ও শ্রীঈশ্বরচন্দ্র ঘোষেরদ্বারা সুললীত
সাধুভাষায় অনুবাদিত হইয়া ।

কলিকাতা চিত্তভানু যন্ত্রে যন্ত্রিত হইল এই গ্রন্থ যাঁহার
প্রয়োজন হইবেক তিনি জোড়াসাকো দয়ে
হাটার পূর্ব্ব দিকস্থ গলিতে ৬৩।২ নং
ভবনে তত্ত্বকরিলে পাইবেন
১২৫৭ সাল তাং ৪ ভাদ্র
মূল্য ১ তঙ্কা ।

শ্রীশ্রীদুর্গা ।

শরণং

মেঘদূত কাব্য ।

মূল ।

কশ্চিৎ কান্তা বিরহ গুরুণা স্বাধিকার প্রমত্তঃ শাপে
নাস্তং গমিতমহিমা বর্ষভোগ্যেন ভর্ত্তুঃ । যক্ষশ্চক্রে
জনক তনয়া স্নানপুণ্যোদকেষুস্নিগ্ধ ছায়াতরুষু বসতিং
রামগির্য্যাশ্রমেষু ॥ ১

টীকা ॥

কশ্চিদ্যক্ষঃ রামগির্য্যাশ্রমেষু বসতিং চক্রে । খণ্ডকাব্যমুখং
কুর্য্যাৎ কশ্চিদিত্যাদিভিঃ পদৈরিতি কৈশ্চিদুক্তং । যদ্বা অস্তিকশ্চি
দ্বাগ্বিশেষঃ ইত্যস্য প্রতিজ্ঞাতত্ত্বাৎ আদৌ কশ্চিদিত্যুক্তং ।

কিম্ভূতেষু জনক তনয়াস্নান পুণ্যোদকেষু জনকো বিদেহরাজস্তস্য তনয়াসীতা তস্যাঃ স্নানেন পুণ্যানি পবিত্রাণি উদকানিয়েষু । তথা পুনঃ কিম্ভূতেষু স্নিগ্ধছায়াতরুষু স্নিগ্ধাঃশাদ্বলদল প্রধানা শ্চায়াতরবো যেষু। ছায়াতরুস্থির ছায়ে ইতি ত্রিকাণ্ডশেষঃ। ননুস্বস্থান মপহায় তপোবনাশ্রয়ে কোঽস্য ব্যবসায় ইত্যাহ অস্তং গমিত মহিমা অস্তং স্থগিতত্বং গমিতঃ প্রাপিতো মহিমা মাহাত্ম্যং যস্যসতথোক্তঃ কেন ভর্ত্তুঃ শাপেন কীদৃশেন কান্তা বিরহ গুরুণেতি । কান্তায়াঃ প্রিয়ায়া বিরহো বিয়োগস্তেন গুরুণা। অথবা কান্তা বিরহস্য গুরুণা উপদেশ কেন । পুনঃ কীদৃশেন বর্ষভোগ্যেন বর্ষং সংবৎসরং ভোগ্য অনুভবনীয়ঃ তেন । ননুকিমিত্যসৌ স্বামিনাশপ্ত ইত্যাহ স্বাধিকার প্রমত্তঃ । স্বাধিকারে আত্মীয়াধি কারে প্রভূপদিষ্টে প্রমত্তঃ অবধান রহিতঃ । প্রমাদোঽনব ধানতেত্যমরঃ ॥ অননুষ্ঠিত সম্যগব্যাপার ইতি যাবৎ । অত্রচ বর্ষ ভোগ্যেনেত্যনেন যক্ষস্তবু দুঃখানু ভবনং দর্শিতং। আশ্রমেষ্বিতি বহু বচনেনচ কুসুমশর শরা ঘাত জনিত বিরহ জ্বরদহ্য মানস্য বিরহিণো নৈকত্রস্থিতি রস্তীত্যুক্তং। ১

ভাষা।

কুবেরানুচর কোন যক্ষ নিজ স্বামির আদিষ্ট কর্ম্মের অকরণ প্রযুক্ত ক্রোধাবিষ্ট প্রভুর অতিসুদারুণ গুরুতর শাপদ্বারা নিজ কান্তা বিচ্ছেদানল দহনে স্বীয় মাহাত্ম্য রহিত হইয়া জনক তনয়া সীতার স্নান দ্বারা পবিত্র জলএবং অতি সুশীতল চ্ছায়াযক্ত বৃক্ষ মণ্ডলী

মুণ্ডিত, যে সকল আশ্রম যাহাতে রামগিরি নামক পর্ব্বত আছেন সেই অতি মনোহর স্থানে সংবৎসর বাস করিয়াছিলেন। ১

মূল।

অস্মিন্নদ্রৌ কতিচিদবলাবিপ্রযুক্তঃ সকামী নীত্বানাসান কনক বলয় ভ্রংশ রিক্ত প্রকোষ্ঠঃ। আষাঢ়স্য প্রথম দিবসে মেঘমাশ্লিষ্টসানুং বপ্রক্রীড়াপরিণত গজপ্রেক্ষণীয়ং দদর্শ॥ ২

টীকা।

তস্মিন্নিতি। তস্মিন্নেবাদ্রৌ পর্ব্বতে কতিচিন্মাসান্নীত্বা অতিবাহ্য সযক্ষ আষাঢ়স্য প্রথম দিবসে মেঘং দদর্শ দৃষ্টবান্॥ কীদৃশঃ অবলাবি প্রযুক্তঃ মহিলারহিতঃ। পুনঃ কিং কামীকামুকঃ তথা কনকবলয়ভ্রংশরিক্ত প্রকোষ্ঠঃ। কনকস্য সুবর্ণস্য বলয়ানি তেষাং ভ্রংশেনাধঃপতনেন রিক্তঃ শূন্যঃ প্রকোষ্ঠঃ কফোণে রধো ভাগোযস্যসঃ। মেঘং কিম্ভূতং রাশ্লিষ্টসানুং আনিভৃগতঃ সানুঃ পর্ব্বতৈক দেশোয়েনতং। পুনঃকিং। বপ্রক্রীড়াপ রিণতগজ প্রেক্ষ-ণীয়ং বপ্রোন্নোধঃ সমুন্নতো ভূভাগঃ তত্র ক্রীডার্থং পরিসমন্তাৎ নতঃ প্রহ্বোযোগ জন্তুস্তৎ প্রেক্ষণীয়ং দর্শনীয়ং। বপ্রঃ পিতরি কে-দারে বপ্রঃ প্রাকাররোধসোরিতি ধরণি॥ ২

ভাষা।

স্ত্রী বিচ্ছেদানলে শীর্ণকলেবর, অতএব সুবর্ণ বলয় শূন্য হস্ত সেই কামুক যক্ষ, পূর্ব্বোক্ত রমণীয় পর্ব্বত মধ্যে কিঞ্চিৎকাল বাসকরিয়া বর্ষার উপক্রমে সেই পর্ব্বতের স্থান বিশেষে উচ্চ ভূমিভাগে ক্রীড়ার্থ নম্রীভূত হস্তিতুল্য দর্শনযোগ্য অভিনব ধারাধর দর্শন করিয়াছিলেন। ২

মূল।

তস্যস্থিত্বা কথমপি পুরঃ কেতকাধানহেতোরন্তর্ব্বাষ্পশ্চিরমনুচরো রাজরাজস্য দধ্যৌ। মেঘালোকে ভবতি সুখিনোপ্যন্যথাবৃত্তিচেতঃ কণ্ঠাশ্লেষপ্রণয়িনি জনে কিং পুনর্দ্দূরসংস্থে॥ ৩

টীকা।

তস্যেতি। তস্য মেঘস্য কথমপি কষ্ট সৃষ্ট্যা পুরোহগ্রে স্থিত্বা রাজ রাজস্য কুবেরস্যানুচরশ্চিরং প্রভূত কালং দধ্যৌ চিন্তিতবান কিম্ভূতঃ কণ্ঠদেশা বষ্টব্ধ লোচন জলঃ। কিম্ভূতস্য মেঘস্য কেতকাধানহেতোঃ কেতকস্য কেতকী পুষ্পস্য ধানমুৎপাদনং তস্য হেতোঃ কারণী ভূতস্য প্রাবৃষিতস্য সম্ভবাৎ। অথ কথমসৌযক্ষো জলদালোকনমাত্রেণ স্মৃতিং বিহিতবানিত্যাহ মেঘালোকইত্যাদি। মেঘা

আলোকান্তে অস্মিন্নিতি মেঘালোকো বর্ষাকালঃ তত্র সুখি নোপি অবিরহিতস্যাপি বিপর্য্যস্ত স্বরূপং জায়তে কণ্ঠাশ্লেষ প্রণযিনি জনে দূরসংস্থে কিং পুনর্ব্বচনীয় মিতি ॥ কণ্ঠস্যা শ্লেষ আলিঙ্গনং তত্র প্রণযোঽনুরাগো যস্য বিদ্যতেস তথাভূতে প্রিয়তমে জনো। ৩

ভাষা।

যে বর্ষাকালে নবীন জলধরাবলোকনে স্বদারসুখ ভোগ যুক্ত কামিজনগণেরও চিত্ত বিকার যুক্ত হয়, তৎকালে যাহার সর্ব্বদা কণ্ঠ আশ্লিষ্ট হইত এতাদৃশ অনুরাগি প্রিয়জন দূরস্থ হইলে কি দুঃখের বিষয়, তাহা অনির্ব্বচনীয়, এতাদৃশ বর্ষা সময়ে কান্তা বিচ্ছেদানল দগ্ধ কুবেরের অনুচর যক্ষ কেতকী পুষ্প প্রকাশক তাদৃশ জলধর সমীপে বাষ্পবারি পরিপূর্ণ লোচন হইয়া বহুকাল স্থিতি করিয়া চিন্তা সাগরে মগ্ন হইয়াছিলেন। ৩

মূল।

প্রত্যাসন্নে নভসিদয়িতা জীবিতালম্বনার্থাং। জীমূতেন স্বকুশলময়ীং হারয়িষ্যন্ প্রবৃত্তিং সপ্রত্যগ্রেঃ কুটজ কুসুমৈঃ কল্পিতার্ঘা যতস্যৈ প্রীতঃ প্রীতি প্রমুখ বচনং স্বাগতং ব্যাজহার ॥ ৪ ॥

টীকা ।

প্রত্যেতি । অসৌযক্ষস্তস্মৈ মেঘায়স্বাগতং শোভনমাগতং তে ইতি ব্যাজহার উক্তবান্ । কিম্ভূতায় তস্মৈ কল্পিতা র্ঘায় কল্পিতোঽর্ঘো যস্য তস্মৈকৈঃ করণ কৈঃ কুটজকুসুমৈঃ কুটজোগিরিমল্লি কাতস্যাঃ কুসুমৈঃ প্রত্যগ্রৈ রভিনবৈঃ কিংকারয়িষ্যন্ হারয়িষ্যন্ প্রবৃত্তিং বার্ত্তাং । স্বকুশলময়ীং আত্ম কল্যাণ যুক্তাং কীদৃশীং দয়িতা জীবিতালম্বনার্থাং দয়িতাপ্রিয়া তস্যাঃ প্রাণধারণং তস্যাবলম্বনং অবষ্টম্ভ স্তদেবার্থঃ প্রয়োজন মস্যাং তথা ভূতাং জীমূতেন জলদেন প্রত্যাসন্নেনভূমি সন্নিহিতে শ্রাবণে যক্ষঃ কিম্ভূতঃ মেঘঃ প্রিয়ায়ৈ বার্ত্তাং শ্রাবয়িষ্যতীত্যনেন প্রীতঃ । স্বাগতং কিং প্রীতিপ্রধানং বচনং যত্র ॥ ৪

ভাষা ॥

সন্নিহিত শ্রাবণ মাসে মেঘ দ্বারা নিজ জীবন ধারণ প্রধান কারণ যে স্বীয় ললনার কুশলবার্ত্তা শ্রবণ তাহার ভবিষ্যত প্রাপ্তি মানসে ঐ কুবেরানুচর যক্ষ অভিনব গিরি মল্লিকা কুসুম কল্পিত অর্ঘ্যদ্বারা বহু সম্মান পুরঃসর পূজা করিয়া মেঘকে প্রীত বাক্যদ্বারা স্বাগত প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন । ৪

মূল ।

ধূমজ্যোতিঃ সলিল মরুতাং সন্নিপাতঃ ক্কমেঘঃ সন্দে

শার্থাঃ স্কপটু করণৈঃ প্রাণিভিঃ প্রাপণীয়াঃ ইত্যোৎ
সুক্যাদ পরিগণনয়ন্ গুহ্যকস্তং যযাচেকামার্ত্তাহিপ্রকৃতি
কৃপণাশ্চেতনাচেতনেষু ॥ ৫ ॥

টীকা ।

ধূমইতি গুহ্য কোযক্ষস্তং মেঘয য়াচে। প্রার্থিতবান্ । কিম্ভূতো
যক্ষঃ ঔৎসুক্যাদানন্দাদিতি অপরি গণয়ন্ ইতিকিং মেঘঃস্ক স্কসন্দে
শার্থাঃ। সন্দেশবাগ্ধা চিকৎস্যাদিত্যমরঃ । অত্যন্তাসম্ভাবনায়াং স্ক-
ন্বয়ং । মেঘঃ কিম্ভূতঃ ধূমজ্যোতিঃ সলিল মরুতাং সন্নিপাতঃ ।
ব্যামিশ্রিতে রোগভেদে সত্তাকৃতি প্রপীডনে। দুর্ভিক্ষাদি মহামার্য্যাং
সন্নিপাতঃ স্মৃতোবুধৈরিতি শব্দসারঃ । সন্দেশার্থাঃ কিম্ভূতাঃ
প্রাণিভিঃ প্রাপণীয়াঃ। প্রাণিভিঃ কিম্ভূতৈঃ পটুকরণৈঃ পটূনিস্ফুটানিক
রণানি ইন্দ্রিয়াণি যেষাং তৈঃ। করণং সাধকতমং ক্ষেত্রগাত্রেন্দ্রি
যেষ্বপী ত্যমরঃ। বার্ত্তাঃ পটু করণমনুষ্যাদিভিঃ প্রাপণীয়া মেঘোয়
মচেতনঃ ইত্যসম্ভাবনাত্ত ত্রান্যাপদেশ মাহহিযতঃ কারণাৎ কামর্ত্তাঃ
কামপীডিতা জনাশ্চেতনা চেতনেষু প্রকৃতি কৃপণা প্রকৃত্যাস্বভাবেন
কৃপণা অজ্ঞনা ভবন্তি ॥ ৫

ভাষা।

যাহার হস্ত পাদাদি ইন্দ্রিয় সকল তত্তৎ কার্য্য করণে
পটুতর, এতাদৃশ সুচতুর মনুষ্য দ্বারা যে বৃত্তান্ত প্রাপণ

যোগ্য হইয়াছে, অচেতন মেঘ দ্বারা সে বত্তান্তের প্রাপ্তির সম্ভাবনা কি যেহেতু ধূম, তেজঃ এবং জল ও বায়ু ইহা একত্রীভূত হইয়া মেঘোৎপন্ন. হয় তথাপি কান্তা বৃত্তান্ত শ্রবণানন্দ বিষয়ে প্রে.মান্মত্ত হইয়া চেতনাচেতন বস্তু বিবেচনা না করিয়া কুবেরানুচর গুহ্যক অচেতন তাদৃশ মেঘ সন্নিধানে প্রার্থনা করিয়া ছিলেন, কারণ কামাতুর ব্যক্তি সকল চেতনাচেতন বস্তু বিচারে স্বভাবতই অজ্ঞান.। ৫।

মূল।

জাতং বংশে ভুবন বিদিতে পুষ্করা বর্ত্তকানাং জানামিত্বাং প্রকৃতি পুরুষং কামরূপং মঘোনঃ। তেনার্থিত্বং ত্বয়িবিধি বশদ্দূর বন্ধুর্গতোঽহং যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমেলব্ধকামা ॥ ৬ ॥

টীকা।

জাতমিত্যাদি॥ সমেঘং প্রত্যাহ হেমেঘ ত্বামহং জানামি কিম্ভূতং পুষ্করা বর্ত্তকানাং প্রসিদ্ধ মেঘানাং বংশে জাতং উৎপন্নং বহুবচন মাদ্যর্থং বংশে কিম্ভূতে ভবন বিদিতে ভূবনেষু প্রসিদ্ধে পুনঃ কিম্ভুতং মেঘং মে.ঘন ইন্দ্রস্য প্রকৃতি পুরুষং। মহামাত্যঃ

প্রকৃতয় ইত্যমরঃ ॥ কামেন ইচ্ছয়া রূপং যস্য ভবান্ মহান্ তেন হেতুনা ত্বযিবিষয়েহর্থিত্বং অহংগতোহস্মি অহং কিম্ভূতঃ। বিধি-বশা দ্দূর বন্ধুঃ দূরকান্তঃ। ননু যাচ্যমানেন যাচকেন যাচ্যতাং কিং সদসদ্বিচারণ যেত্যত আহ যাচ্ঞা ইত্যাদি অধিগুণে শ্রেষ্ঠজনে মোঘা ব্যর্থাপিযাচ্ঞা বরং শ্রেষ্ঠা ব্যর্থং মোঘ ইত্যমরঃ॥ অধমে কুৎসিতে জনে লব্ধঃ কামোহভিলাষো যস্যাং সাতথা ন ॥ ৬

ভাষা।

সেই যক্ষ পুনর্ব্বার মেঘকে কহিতেছেন হে মেঘ তোমাকে আমি জানি পুষ্কর আবর্ত্ত প্রভৃতি প্রসিদ্ধ যে সকল মেঘ ত্রিলোক বিদিত, তাহার বংশে তোমার জন্ম এবং তুমি ইন্দ্রের প্রধান অমাত্য পুরুষ এবং কামরূপী, ইচ্ছা বশতঃ রূপ ধারণ করিতে পার অতএব তুমি মহৎ, সেই হেতুক বিধি বশত দূরবন্ধু অর্থাৎ দূরস্থ প্রিয়া হইয়াছে যার এবম্ভূত যে আমি তোমাতে যাচকত্ব প্রাপ্ত হইলাম অর্থাৎ তোমার নিকটে যা-চঞা করিলাম। যাচক ব্যক্তি যাচঞা করিবেন তাহার যাচ্যমানের ভাল মন্দ বিচারের আবশ্যক কি এইহেতুক কহিতেছেন। যে গুণি ব্যক্তিতে যাচ্ঞা যদি নিষ্ফলা হয় সেও ভাল অধম ব্যক্তিতে সফলাও কিছুনয়। ৬

মূল ।

সন্তপ্তানাং ত্বমসি শরণং তৎপয়োদ প্রিয়ায়াঃ সন্দেশং মে হর ধনপতিক্রোধ বিশ্লেষিতস্য । গন্তব্যা তে বসতি রলকানাম য়ক্ষেশ্বরাণাং বাহ্যোদ্যানস্থিত হরশিরশ্চন্দ্রিকা ধৌতহর্ম্ম্যা ।। ৭ ।।

টীকা ॥

সন্তপ্তানামিত্যাদি । হেপ.য়াদ সন্তপ্তানাং ত্বং শরণ মসি রক্ষিতাসি শরণং গৃহরক্ষিত্রো রিত্যমরঃ । তত্তস্মাৎ কারণাৎ মে মম প্রিয়ায়াঃ সন্দেশং বাচিকং হর প্রাপয় । ত্বং পয়োদানেন সর্ব্বেষাং সন্তাপং হরসি অতএব বিরহ সন্তপ্তাং মমপ্রিয়াং মম সংবাদেন সুখয়িতুমর্হসি ইতিধ্বনিতং কথং ন য়াস্যসীতি মেঘাশঙ্কায়া মাহ মে কিম্ভূতস্য ধনপতি ক্রোধবিশ্লেষিতস্য কুবের কোপেন বিরহিতস্য । কস্তে সন্দেশ ইতি মেঘাশঙ্কায়া মাহ তে ত্বয়া অলকা নাম যক্ষেশ্বরাণাং কুবেরাদীনাং বসতির্গন্তব্যা যক্ষাণামীশ্বরা স্তেষামিতি তৎপুরুষে গৌরবাদ্বহুত্বং ময়াকথমলকা জ্ঞাতব্যেতি মেঘাশঙ্কায়া মাহ সা কিম্ভূতা বাহ্যোদ্যানে বাহ্যোপবনে স্থিতস্য হরস্য শিরশ্চন্দ্রিকয়া শিরশ্চন্দ্র জে.ৎস্নয়া ধৌতং ধবলিতং হর্ম্ম্যং যস্যাং সা তত্র মহাশোভা বর্ত্ততেইত্যর্থঃ । তেন ন কেবলং মম প্রয়োজনং তবাপি পাপনাশঃ স্যাদিতি যক্ষাশয়ঃ । ৭

ভাষা ।

যক্ষ নিজ প্রার্থনা ব্যক্ত করিতেছেন । যে ক্রোধা-

রিষ্ট মদীয় প্রভু কুবেরের শাপ দ্বারা আমি কান্তা বিশ্লেষিত হইয়াছি, সেই কুবেরাদি যক্ষেশ্বরের অলকা নাম পুর মধ্যে আমার প্রাণাধিদেবতা প্রিয়া বাস করিতেছেন, যে পুরের বাহ্য উপবনস্থিত চন্দ্রশেখরের মৌলি বিরাজমান চন্দ্রকলা জ্যোৎস্না দ্বারা অলকা পুরস্থ অট্টালিকা সকল ধবলিত হইয়াছে, সেইস্থানে গমন করিয়া মদীয় প্রেয়সীকে মৎ সন্দেশ বাক্য প্রাপণ দ্বারা আনন্দিত কর, যেহেতু জলদান দ্বারা সন্তপ্ত জনগণের রক্ষিতা হইয়াছ। এবং তৎ স্থান প্রস্থানে চন্দ্রশেখর দর্শনে ভবদীয় পাপনাশ ও হইবে ॥ ৭ ॥

মূল ।

ত্বামারূঢ়ং [illegible] পদবী মুদগৃহীতালকান্তাঃ প্রেক্ষিষ্যন্তে পথিক বনিতাঃ প্রত্যয়াদাশ্বসত্যঃ । কঃ সন্নদ্ধে বিরহ বিধুরাং ত্বয্যুপেক্ষেত জায়াং ন স্যাদন্যোপ্যহমিব জনো যঃ পরাধীনবৃত্তিঃ ॥ ৮ ॥

টীকা ॥

ত্বামাইত্যাদি । ত্বয়িসন্দেশ সমাজু ষতি বিধুরাং বিরহ দুঃখিতাং জায়াং উপেক্ষেত অপিতু ন কোপি এবং চেৎত্বং কথং উপেক্ষসে ইত্যত্রাহ গ্রাম্যোজনঃ অহমিব পরাধীনবৃত্তির্ন স্যাৎ পরা-

ধীনা পরায়ত্তা বৃত্তি র্ব্বর্ত্তনং যস্যাঃ ত্বামিত্যাদি । হে জলদ পবন পদবী মাকাশং আরূঢংত্বাং পথিকবনিতাঃ প্রেক্ষিষ্যন্তে অব লোকয়িষ্যন্তে কিম্ভূতাঃ উদ্গৃহীতালকান্তাঃ ঊর্দ্ধং কৃত্বা গৃহীতো অলকান্তশ্চূর্ণকুন্তলান্তি মভাগো য়াভিঃ। পুনঃ কিম্ভূতাঃ আশ্বসত্যঃ আশ্বাসং প্রাপ্তবত্যঃ। কুতঃ প্রত্যয়াৎ । অযমর্থঃ যদাভবানাকাশ মারূঢোয়াস্যতি তদাবশ্য মেব প্রোষিতভর্তৃকা ভবন্তমুদ্বীক্ষিষ্যন্ত ইতি প্রলোভনেন গমনোৎসাহনং ॥ যতস্তাসাং ত্বদ্গমনেন প্রিয়া গমনং প্রতি আশ্বাসো ভবিষ্যতি যদায়ং জলদো ভগবানাগতস্তদা স্মৎ প্রাণনাথেনাপি ইদানী মাগন্তব্যং । বর্ষাকালে প্রিয়স্য কথমা গমনং ভবিষ্যতীত্যাহ কঃ সন্নদ্ধ ইত্যাদি ত্বয়ি সন্নদ্ধে বৃষ্টিনিমিত্তং সুসজ্জীভূতে সতি বিরহ বিধুরাং বিরহেণ কাতরাং জায়াং অহমিব পরাধীন বৃত্তি র্যো ন স্যাৎ এবং রূপো মদন্যঃ কোজনোহপি নিশ্চিতং উপেক্ষেত অবধীরয়েৎ অপিতু ন কোপীত্যর্থঃ ॥ ৮

ভাষা ।

যক্ষ মেঘ সমীপে তদীয় গুণোৎকীর্ত্তন করিতেছেন । তুমি বৃষ্টি নিমিত্ত সুসজ্জীভূত হইয়া আগমন করিলে দুর্ভাগ্য পরাধীন আমি ভিন্ন স্বাধীন কোন্ব্যক্তি বিরহ কাতরা প্রোষিত ভর্তৃকা নিজ পত্নীকে উপেক্ষা করে কেহই স্থিরচিত্ত হইয়া অবস্থান করিতে পারে না । অতএব তুমি আকাশ পথারূঢ় হইলে পথিক বনিতা সকলে নিজ নিজ কান্তের নিতান্ত আগমন বিষয়ে

নিশ্চিত আশ্বাসিত মানসে কুটিল কুন্তলা হইয়া তো- মাকে যত্নপূর্ব্বক অবলোকন করিবে। ৮।

মূল।

মন্দং মন্দংনুদতি পবন শ্চা নুকূলো যথা ত্বাং বামশ্চা য়ং নদতি মধুরং চাতকাস্তে সগর্ব্বঃ। গর্ব্বাধানক্ষমপরি চয়ং নূন মাবদ্ধ্যমানাঃ সেবিষ্যন্তে নয়ন সুভগং খে ভবন্তং বলাকাঃ।। ৯ ।।

টীকা।

মন্দমিত্যাদি। অপ্রেরণে কথং যস্যামীতি মেঘাভিপ্রায়ে আহ যথা ত্বাং পবনোবাযুঃ মন্দং২ নুদতি গন্তুং প্রেরয়তি সকিম্ভূতঃ অনু কূলঃ শুভসূচকঃ তথা তে তব সগর্ব্বশ্চাতকঃ পক্ষী বামঃ সন্ মধুরং যথাস্যাত্তথা নদতি শব্দায়তে। বাম ইত্যনেন বামস্থো লক্ষণয়া ল- ক্ষ্যতে যথা কলিঙ্গঃ সাহসিকঃ ইত্যনেন কলিঙ্গস্থ জনানাং সাহসি- কত্বং লক্ষ্যতে॥ একাকিনা ময়া কথং যাতব্য মিতি মেঘাভিপ্রায়ে আহ। নূনং নিশ্চিতং বলাকাঃ বকপংক্তয় আবদ্ধ্যমানাঃ আকা- শে নেত্রানন্দ করং ভবন্তং ত্বাং সেবিষ্যন্তে সেব্যত্বেন আশ্রয়ি- ষ্যন্তে। ত্বং কিম্ভূতঃ গর্ব্বাধানে গর্ব্বনিষেকে ক্ষমোয়োগ্যঃ পরিচয়ঃ সংপর্কো যস্য সতথা মেঘসময়ে তাসাং গর্ব্বাধানং ভবতীত্যর্থঃ। ৯

ভাষা।

তোমাকে মন্দ মন্দ অনুকূল সমীরণ প্রেরণ করি

তেছেন, ও বামভাগস্থিত শুভসূচক চাতক পক্ষি সকল মধুরধ্বনি করিতেছে, এবং তুমিওএকাকি গমনেতে শঙ্কিত হইওনা যেহেতু যে বকশ্রেণী তোমার উদয় সময়ে স্বীয় স্বীয় গর্ত্ত গ্রহণ করে সেই সকল বক পংক্তি মিলিত হইয়া তোমার আশ্রিত হইবে । ৯ ।

মূল ।

তাঞ্চাবশ্যং দিবস গণনা তৎপরা মেকপত্নী মব্যাপন্না মবিহতগতি র্দ্রক্ষ্যসি ভ্রাতৃজায়াং । আশাবন্ধঃ কুসুম সদৃশং প্রায়শো হ্যঙ্গনানাং সদ্যঃপাতি প্রণয়ি হৃদয়ং বিপ্রযোগে রুণদ্ধি ॥ ১০ ॥

টীকা ।

হে মেঘ ইত্যধ্যাহার্য্যং । তাং ভ্রাতৃজায়াং ভ্রাতুর্ম্মম জায়া মবশ্য মেবত্বং দ্রক্ষ্যসি মেঘোঽয়ং পুমান্ সাতু যুবতী বিরহাকুলা তস্যা অনায়াসেন দর্শনং কথং সংভবিষ্যতি অর্থ বিপর্য্যয়ো বাস্যা দিত্যতঃ সম্বন্ধমুদ্ভাব্য ভ্রাতৃজায়া মিতিবিশেষণ মুক্তং । তাং কিম্ভূতাং দিবসগণন তৎপরাং দিবসানাং গণনাসংখ্যানং তদেব পরং যস্যাঃ সা তাং । তথাএক পত্নীং একো অহমেব পতির্যস্যাস্তাং পুনঃ কিম্ভূতাং অব্যাপন্নাং জীবন্তীং । ত্বং কিম্ভূতঃ অবিহতা অব্যাহতা গতির্যস্যসঃ । এতত্ত্বয়া কথং জ্ঞাতং যদিয়ংজীবন্তী এবংদ্রুট

ব্যাইত্যাহবিপ্রয়োগে বিরহে সতি আশাবন্ধঃ আশ্বাসঃ প্রায়শো বাহুল্যেন অঙ্গনানাং হৃদয়ং রুণদ্ধি কিম্ভূতং হৃদয়ং সদ্যঃপাতি সদ্যস্তৎক্ষণাৎ পতিতুংশীলং যস্যতৎ। পুনঃ কিম্ভূতং প্রণয়ি প্রণয় যুক্তং পুনঃ কিম্ভূতং কুসুমসদৃশং অতিকোমলং। আশাববন্ধঃ সমাশ্বা সে তথা মর্কট জালকে ইতিশব্দসারঃ॥ ১০

ভাষা।

হে মেঘ তোমার গমনের বাধা হইবেকনা, অতএব তুমি সেই যে পতিব্রতা, বিরহ কাতরা যুবতী মদীয়া পত্নী তোমার ভ্রাতৃজায়া আমার আগমনাবধি কেবল দিবস গণনাতেই তৎপরা হইয়াছেন, তাঁহাকে তথায় গমন করিয়া অবশ্য জীবন যুতা দর্শন করিবে, যেহেতু বিরহ কাতরা যে কামিনী তাঁহার প্রণয়যুক্ত ও তৎক্ষণ বিদারণ যোগ্য যে কমল কুসুম কোমল চিত্ত তাঁহাকে কান্তা গমনের যে আশ্বাস তিনি রোধ করেন। ১০।

মূল।

কর্ত্তুংযচ্চ প্রভবতি মহীমুচ্ছিলীন্ধ্রা তপত্রাং তৎশ্রুত্বা- তে শ্রবণ সুভগং গর্জ্জিতং মানসোৎকাঃ। আকৈলাসা

বিসকিশলয় চ্ছেদ পাথেয়বন্তঃ সম্পৎস্যন্তে নভসি
ভবতো রাজহংসাঃ সহায়াঃ ॥ ১১ ॥

টীকা ।

অন্যমপি মেঘসহায়ং দর্শয়তি । যৎতে তব গর্জ্জিতং কিম্ভূতং কর্ণ সুখজনকং ॥ উচ্ছিলীন্ধ্রাতপত্রাং উদ্ধতানি যানিশিলীন্ধ্রাণি তান্যে- ব আতপত্রাণি ছত্রীভূতানি যস্যাং তাং মহীং পৃথিবীং কর্ত্তুং প্রভবতি তৎশ্রুত্বা নভসি আকাশে রাজহংসাঃ ভবতঃ সহায়াঃ সম্পৎ স্যন্তে ভবিষ্যন্তি ॥ তেকিয়দ্দূরং যাস্যন্তীতি মেঘাভিপ্রায়ে আহ আ- কৈলাসাৎ কৈলাস পর্য্যন্তং অত্রাভিবিধাবাঙ্ ॥ তে কিম্ভূতাঃ বিস কিশলয় ছেদ পাথেয়বন্তঃ বিসং মৃণালং তস্য কিশলয়ং কন্দলী তস্যচ্ছেদঃ খণ্ডং তদেব পাথেয়ং সম্বলং তদ্বিদ্যতে যেষাং ॥ পুনঃ কিম্ভূতাঃ মানসোৎকাঃ । মানসে দেবসরসি উৎকাঃ উৎ সুকাঃ ॥ ১১

ভাষা ।

একাকি গমনে মেঘের সহাযান্তর দর্শণ করাইতে ছেন । শ্রবণ সুখজনক তোমার যে গর্জ্জন ছত্রভূত ছত্রাক সকলের উৎপাদন দ্বারা ধরত্রীতল সুশো ভিত করে, তৎশ্রবণে মানস সরোবরে মোদমান যে সকল রাজহংস যাঁহারদিগের নলিন মৃণাল কিশ লয় খণ্ডই পাথেয় হইয়াছে তাঁহারা তোমার সহায় হইয়া কৈলাস পথ পর্য্যন্ত আকাশে গমনকরিবেন। ১১

মূল।

আপৃচ্ছস্ব প্রিয়সখ সমুত্তুঙ্গ মালিঙ্গ্য শৈলং বন্দ্যৈ পুংসাং রঘুপতি পদৈ রঙ্কিতং মেখলাসু। কালেং ভবতি ভবতো যস্য সংযোগমেত্য স্নেহব্যক্তি শ্চিরবিরহজং মুঞ্চতো বাষ্পমুষ্ণং॥ ১২॥

টীকা॥

হে মেঘ অমুং শৈলং আপৃচ্ছস্ব সম্বোধয়। সম্বোধনং সম্বন্ধা ভাবান্ন সম্ভবতীত্যত আহ প্রিয়সখং প্রিয়শ্চাসৌ সখা চেতি ইত্যর্থঃ কিং কৃত্বা আলিঙ্গ্য। আলিঙ্গনে মহত্বং দর্শয়তি॥ তুঙ্গং উচ্চৈরিত্যর্থঃ॥ আলিঙ্গনে পাপী ত্যজ্য ইত্যত আহ। পুংসাং বন্দ্যৈর্বন্দনীয়ৈ রঘুপতি পদৈ রামচন্দ্র চরণৈ র্মেখলাসু অঙ্কিতং কৃতচিহ্নমিত্যর্থঃ॥ প্রিয়সখত্বং ব্যনক্তি। যস্য শৈলস্য ভবতঃ সংযোগমেত্য কালে কালে স্নেহব্যক্তিঃ সৌহার্দ্দ ব্যঞ্জনা ভবতি। শৈলস্য কীদৃশস্য চিরবিরহজং চিরকালীন বিরহজন্যং অতউষ্ণং বাষ্প মুঞ্চতস্ত্যজতঃ॥ ১২

ভাষা।

হে ধারাধর তোমার অতি প্রিয়তম, যে এই পুরোবর্ত্তি ধরাধর ইঁহাকে আলিঙ্গন পূর্ব্বক সম্বোধন কর, যিনি নিজ মধ্যভাগে ত্রিভুবন বন্দনীয় শ্রীরামচন্দ্র পদা-

রবৃন্দের চিহ্ন ধারণ করিতেছেন, এবং অতি উচ্চতর ও যিনি তোমার চিরবিরহে কাতর হইয়া লোচনের বাষ্পবারি মোচন করিতেছেন, তথা সময় বিশেষে তোমার আসঙ্গ প্রাপ্ত হইয়া সৌহার্দ্দ প্রকাশক স্নেহ জল ব্যক্ত করিতেছেন। ১২

মূল।

মার্গং তাবৎ শৃণু কথয়ত স্তৎপ্রয়াণানুরূপং সন্দেশং মেতদনু জলদ শ্রোষ্যসি শ্রোত্রপেয়ং। খিন্নঃ খিন্নঃ শিখরিষুপদং ন্যস্য গন্তাসি যত্র ক্ষীণঃ ক্ষীণঃ পরিলঘুপয় স্রোতসাংচোপযুজ্য॥ ১৩॥

টীকা।

হে জলদ ত্বং প্রযাণানুরূপং তবগমন যোগ্যং মার্গং পন্থানং কথয়তো মম শৃণু অবধারয়। তদনুতৎপশ্চাৎ সন্দেশং মদীয় বাচিকং শ্রোষ্যসি। পথঃ শ্রবণে স্বকার্য্য সিদ্ধেঃ কথং সন্দেশং শৃণুয়াদিত্যত আহ শ্রোত্র পেয়মিতি স্রোত্রাভ্যাং পেয়ং গ্রাহ্যমিত্যর্থঃ॥ পথিবিশ্রাম স্থান মপ্যুপদিশতি। যত্র পথি খিন্নঃ২ শ্রান্তঃ শ্রান্তঃ শিখরিষু শিখরাবচ্ছিন্ন পর্ব্বতেষু পদং ন্যস্য অর্পয়িত্বা গন্তাসি॥ অপরঞ্চ ক্ষীণঃ ক্ষীণঃ বৃষ্ট্যা তোয়শূন্যঃ স্রোতসাং পয় উপযুজ্য পয়ঃ কিম্ভূতং পরিলঘু লঘভারমিতি যাবৎ॥ ১৩

ভাষা।

হে মেঘ তোমার গমনের যোগ্য পথ কহিতেছি যে আমি তাহা আমার নিকটে অগ্রে শ্রবণ কর পরে আমার সন্দেশ অর্থাৎ পাঠাইবার বৃত্তান্ত শুনিলে তোমার কর্ণসুখ হইবে। এবং গমন করিতে করিতে পথে যে বিশ্রাম করিবে তাহার উপায় বলিতেছি। যখন শ্রান্ত হইবে তখন পর্ব্বতের উপরিভাগে পদবিন্যাস করিয়া গমন করিও আর যখন ক্ষীণ অর্থাৎ জলশূন্য হইবে তখন স্রোতের জল যে জল অতি লঘু হইয়াছে তাহা উপযোগ অর্থাৎ গ্রহণ করিয়া গমন করিও। ১৩।

মূল।

অদ্রেঃ শৃঙ্গং হরতিপবনঃ কিংস্বিদিত্যুন্মুখীভি র্দৃষ্টো ছায়শ্চকিত চকিতং মুগ্ধসিদ্ধাঙ্গনাভিঃ। স্থানাদস্মাৎ সরসনিচুলা দুৎপতোদঙ্মুখঃ খংদিঙ্নাগানাং পথি পরিহরন্ স্থূলহস্তাবলেপান্॥ ১৪॥

টীকা।

হে মেঘ অস্মাৎ স্থানাৎ উদঙ্মুখঃ সন্ খং আকাশং উৎপত

গচ্ছ । কিম্ভূতাৎ সরসনিচুলাৎ সরসাঃস্নিগ্ধা নিচুলাইজ্জলা যত্র নিচুং লোম্বুজ ইজ্জল ইত্যমরঃ ॥ ত্বং কিম্ভূতঃ চকিত চকিতং অস্পষ্টং যথাস্যাত্তথা মুগ্ধ সিদ্ধাঙ্গনাভিঃ সুন্দর সিদ্ধবধূভিঃ কিম্ভূতাভিঃ কিং স্বিৎপ্রশ্নে পবনোবায়ুঃ অদ্রেঃপর্ব্বতস্য শৃঙ্গং হরতি ইতিকৃত্বা উন্মুখী ভি রূর্দ্ধ মুখীভি দৃষ্টোচ্ছ্রায়ঃ দৃষ্ট দৈর্ঘ্যঃ। পুনঃ কিম্ভূতঃ পথিমার্গে দিঙনাগানাং দিগ্‌গজানাং স্থূলহস্তাবলেপান্ স্থূলসুণ্ডাহঙ্কারান্ পরিহরন্ত্যজন্॥ ১৪

ভাষা।

হে মেঘ সুস্নিগ্ধ রসাল নিচুল মহীরুহ যুক্ত এতদ্দেশ হইতে গমন কালে পথ মধ্যে অতি স্থূল দিক্ করিকর নিকরের গর্ব্ব খর্ব্ব করিয়া উত্তরাভিমুখ হইয়া প্রস্থান কর, প্রয়াণকালে সিদ্ধগণের রমণীয় রমণী সকলে কি প্রচণ্ড সমীরণ পর্ব্বত শৃঙ্গ হরণ পূর্ব্বক গগণ পথে গমন করিতেছেন ইহা জ্ঞান করিয়া ঊর্দ্ধানন হইয়া অস্পষ্টরূপে তোমাকে দর্শন করিবেন। ১৪।

মূল।

রত্নচ্ছায়া ব্যতিকরইব প্রেক্ষ্যমেতৎ পুরস্তাৎ বল্মীকাগ্রাৎ প্রভবতি ধনুঃ খণ্ডমাখণ্ডলস্য। যেন শ্যামং বপুরতিতরাংকান্তিমান পুষ্যতে তে বর্হেণেব স্ফুরিতরুচিনা গোপবেশস্য বিষ্ণোঃ॥ ১৫॥

টীকা।

রত্নেতি। হে মেঘ পুরস্তাদগ্রতঃ বল্মীকাগ্রাৎ এতদাখণ্ডলস্য ইন্দ্রস্য ধনুঃ খণ্ডং ভবতি উৎপদ্যতে। কিম্ভূতং রত্নচ্ছায়ানাং রত্নকান্তীনাং ব্যতিকরঃ সমূহ ইব। যেনধনুঃখণ্ডেন তে তব শ্যামং কৃষ্ণং বপুঃ শরীরং অতিতরাং কান্তিং আলপ্স্যতে। গোপবেশস্য বিষ্ণোঃ কৃষ্ণস্য স্ফুরিতরুচিনা দেদীপ্যমান কান্তিনা বর্হেণ ময়ূর পুচ্ছেনইব। ১৫।

ভাষা।

হে মেঘ তৎপুরোবর্ত্তি বল্মীক মৃত্তিকার অগ্রভাগ হইতে উৎপন্ন হইতেছে যে ইন্দ্রের ধনুঃখণ্ড; যিনি নয়নানন্দন নীলকান্তাদি রত্ন সমূহের কমনীয় কান্তি বিস্তার করিতেছেন, তদ্দ্বারা তোমার এই মনোহর শ্যামল শরীর অতি সুশোভিত হইবে, যাদৃশ নন্দনন্দন শ্রীকৃষ্ণের নবঘনশ্যাম কলেবর বিচিত্র ময়ূর পুচ্ছদ্বারা ভূষিত হইয়াছে। ১৫।

মূল।

ত্বয্যায়ত্তং কৃষিফলমিতি ভ্রূবিকারানভিজ্ঞৈঃ প্রীতিস্নিগ্ধৈর্জ্জনপদবধূলোচনৈঃ পীয়মানঃ। সদ্যঃ শীরোৎকষণ সুরভি ক্ষেত্র মারুহ্য মানং কিঞ্চিৎ পশ্চাৎ ব্রজ লঘুগতিঃ কিঞ্চিদেবোত্তরেণ॥ ১৬॥

টীকা।

ত্বয়ীতি। হে মেঘ ত্বং মানংক্ষেত্রং মাননামা জনপদ স্তস্য ক্ষেত্রং আরুহ্য পশ্চাৎ পশ্চিমং দেশং কিঞ্চিদেবোত্তরেণচ ব্রজ গচ্ছ মানং কিম্ভূতং । সদ্যঃশীরোৎকষণ সুরভি শীরেণ হলেন যৎ সদ্যঃ কষণং কর্ষণং তেন সুরভি সুগন্ধি ॥ জনপদ বধূলোচনৈঃ পীয়মান স্বংগচ্ছেত্যর্থঃ । ইতিহেতো ভ্রূবিকারানভিজ্ঞৈঃ ভ্রুবঃ কৌটিল্য রহিতৈ রিতীতিকিং ত্বয়ি মেঘে আসন্নে ইতি শেষঃ॥ কৃষিফলং আয়ত্তং অধীনং ভবতি। পুনঃ কিম্ভূতৈঃ প্রীতিস্নিগ্ধৈঃ প্রীত্যা আহ্লাদেন স্নিগ্ধানি স্ফুরৎ স্নেহযুক্তাসি ইতিযাবৎতৈঃ॥ ১৬

ভাষা।

হে মেঘ তুমি নিকটবর্ত্তি হইলে কর্ষণের ফল যে শস্যোৎপত্তি তাহা অনায়াসে লভ্য হইয়াছে, এই মানসে গ্রাম নগরবাসি স্ত্রীগণেরা বিকার শূন্য সরল স্নিগ্ধ লোচন দ্বারা পীয়মান অর্থাৎ দৃষ্ট হইয়া প্রথমতঃ মান দেশীয় হল কর্ষিত ক্ষেত্র প্রাপণ পূর্ব্বক কিঞ্চিদুত্তর পশ্চিম দেশে শীঘ্র গমন কর। ১৬।

মূল।

ত্বা মাসার প্রশমিতবনোপপ্লবং সাধুমূর্দ্ধ্না রক্ষ্যত্য ধ্বশ্রমপরিগতং সানুমানা মুকুটঃ। ন ক্ষুদ্রোপি প্রথম সুহৃদাপেক্ষয়া সংশ্রয়ায় প্রাপ্তে মিত্রে ভবতি বিমুখঃ কিংপুন র্যস্তথোচ্চৈঃ॥১৭॥

টীকা।

হে মেঘ আম্রকূটঃ পর্ব্বতঃ ত্বাং সাধুযথাস্যাত্তথা মুর্দ্ধ্না শিখরেণ রক্ষ্যতি কিংভূতঃ সানুমান্ প্রংশংসায়াং মতুঃ। ত্বাং কিংভূতং আসারেণ জলধারয়া প্রশমিতো বনানাং উপপ্লবো দাহাদি রূপোৎপাতো যেন তং ধারা সম্পাত আসার ইত্যমরঃ॥ পুনঃ কিম্ভূতং অধ্বনো মার্গস্য শ্রমো আযাসঃ তং পরিগতং প্রাপ্তং। সকথং রক্ষ্যতীতি মেঘাভিপ্রায়ে তস্যোপদেশমাহ নক্ষুদ্রোপীতি॥ প্রথম সুহৃদাপেক্ষয়া ক্ষুদ্রোপি অল্পোপিজনঃ সংশ্রয়ায় সংশ্রয়ার্থং প্রাপ্তে মিত্রে বিমুখো ন ভবতি তথাবিধ উচ্চৈর্ম্মহান্ য় আম্রকূটঃ সকিং বিমুখঃস্যাৎ নেত্যর্থঃ॥ ১৭

ভাষা।

হে মেঘ দবদাহ খণ্ডন পূর্ব্বক দ্রুত গমনকালে তোমার শ্রান্তি হইলে পথমধ্যে আম্রকূট নামক অতিউচ্চতর প্রসিদ্ধ ভূধর নিজ শিখর দ্বারা তোমাকে রক্ষা করিবেন, যেহেতু বান্ধবজন আশ্রয়ার্থ আশ্রম প্রাপ্ত হইলে অতি ক্ষুদ্র ব্যক্তিও বিমুখ হয় না অতএব অতি মহান্ যে অম্রকূট পর্ব্বত তাঁহার বিমুখ হইবার সম্ভাবনাই নাই। ১৭

মূল।

অধ্বক্লান্তং প্রতিমূখগতং সানুমাংশ্চিত্রকট স্তুঙ্গে

ন ত্বাং জলদ শিরসা রক্ষ্যতি শ্লাঘ্যমানঃ। আসারেণ ত্বম-
পি শময়ে স্তস্য নৈদাঘমগ্নিং সম্ভাবার্দ্রঃ ফলতি ন চিরে-
ণোপকারো মহৎসু॥ ১৮।

টীকা।

হে জলদ চিত্রকূটঃ পর্ব্বতঃ শ্লাঘ্যমানঃ সন ত্বাং শিরসা রক্ষ্যতি ধাস্যতি কিম্ভূতেন শিরসা তুঙ্গেন উচ্চৈঃ। কিম্ভূতং অধ্বক্লান্তং পুনঃ কিম্ভূতং প্রতিমুখগতং সম্মুখগতং ॥ চিত্রকূটঃ সানুমান্ প্রশস্তসানু বিশিষ্টঃ। ত্বমপি আসারেণ জলধারয়া চিত্রকূটস্য নৈদাঘমগ্নিং শময়েঃ শান্তিং নেষ্যসি। অহং কথমেবং করিষ্যামি ইতি মেঘাভিপ্রায়ে আহ মহৎসুউত্তমেষু জনেষু উপকারঃ সম্ভাবার্দ্রঃ চিরেণ বহুকালেন নফলতি কিন্তু ত্বরিত মেবফলতি॥ ১৮

ভাষা।

হে জলদ তুমি দূরপথ গমন দ্বারা নিতান্ত ক্লান্ত হইয়া চিত্রকূট পর্ব্বত সমীপবর্ত্তি হইলে তিনি উচ্চতর নিজ শিখর দ্বারা তোমাকে রক্ষা করিবেন, তুমিও সুশীতল জলধারা দ্বারা তাঁহার নিদাঘ কালীন প্রখরতর রবি কিরণ সন্তাপ নিবারণ করিবে, যেহেতু সজ্জনোপকার, সম্ভাব দ্বারা শীঘ্রফলদায়ক অবশ্যই হয়। ১৮।

মূল।

ছন্নোপান্তঃ পরিণত ফলদ্যোতিভিঃ কাননাম্রৈ স্ত্বয্যা ৰূঢ়ে শিখর মচলঃ স্নিগ্ধবেণী সবর্ণে।নূনং যাস্যত্যমর মিথুন প্রেক্ষণীয়া মবস্থাং মধ্যে শ্যামস্তনইবভবঃ শেষ বিস্তার পাণ্ডু ॥১৭॥

টীকা।

হে মেঘ ত্বয়ি শিখরং আরূঢ়ে সতি অচলঃ অর্থাদাম্রকূটঃ অমরমিথুন প্রেক্ষণীয়া মবস্থাং দেব স্ত্রীপুরুষযোর্দ্দর্শন যোগ্যা মবস্থাং নূনং নিশ্চিতং যাস্যতি। ত্বয়ি কিম্ভূতে। স্নিগ্ধাচিকুনা য়া বেণী তস্যাঃ সমানো বর্ণোযস্য তস্মিন্ সমানস্য স আদেশঃ। অচলঃ কিম্ভূতঃ কাননম্রৈশ্ছন্নোপান্তঃ কিম্ভূতৈঃ পরিণত ফলদ্যোতিভিঃপক্ব ফলৈর্দ্যোতিতুং শীলং যেষাং তৈঃ। পুনঃ কিম্ভূতঃ ভুবঃ পৃথিব্যা স্তনইব পুনঃ কিম্ভূতঃ মধ্যেশ্যামঃ পুনঃ কিম্ভূতঃ শেষ বিস্তার পাণ্ডুঃ শেষ বিস্তারো মধ্যাদন্যঃ বিস্তারঃ পাণ্ডুঃ পাণ্ডুরো যস্য স তথা। মধ্যপদেনাগ্রাবচ্ছিন্ন মধ্যভাগো বোধ্যঃ॥ পক্বাম্রফলৈঃ সর্ব্বাবয়ব পাণ্ডুরত্বাৎ। মধ্যগ্রহণেনাগ্রভাগস্য শ্যামত্বাচ্চ স্তনেন সাম্যং স্তনোপ্যেবম্বিধ এব॥১৭॥

ভাষা।

হে মেঘ সুস্নিগ্ধ চিকুর সমানবর্ণ যে তুমি প্রয়াণ সম-

য়ে আম্রকূট গিরিবরের শিখরারূঢ় হইলে ঘনকাননস্থ রসাল তরুগণের পরিণত ফলদ্বারা পাণ্ডুরকলেবর ও শ্যামলাগ্র, অতএব বসুমতীর পয়োধর তুল্য, ঐ ভূধর, নিজ নিজ কান্তের সহিত অমর ললনাদিগের অবশ্যই দর্শনযোগ্য হইবেন ৷ ১৯

মূল ৷

স্থিত্বা তস্মিন্ বনচরবধূভুক্ত কুঞ্জেমুহূর্ত্তং তোয়োৎসর্গ দ্রুততরগতি স্তৎপরং বর্ত্মতীর্ণঃ ৷ রেবাং দ্রক্ষ্যস্যুপল বিষয়ে বিন্ধ্যপাদে বিশীর্ণাং ভক্তিচ্ছেদৈ রিব বিরচিতাং ভূতিমঙ্গে গজস্য ৷৷ ২০

টীকা ৷

হে মেঘ তস্মিন পর্ব্বতে মুহূর্ত্তং ব্যাপ্য স্থিত্বা তস্মিন্ কিম্ভূতে বনচর বধূ ভুক্তকুঞ্জে বনচর বধূভিঃ কিরাত স্ত্রীভিঃ ভুক্তাকুঞ্জা যত্র ॥ তদনন্তরং বর্ত্মতীর্ণঃ বর্ত্ম পন্থানং তীর্ণঃ সন্ রেবা নদীং দ্রক্ষ্যতি ৷ কিম্ভূতস্ত্বং তোয়োৎ সর্গাৎবৃষ্ট্যা জলানাং ত্যাগাৎ দ্রুততরা গতির্যস্য সঃ রেবাং কিম্ভূতাং বিন্ধ্যপর্ব্বতস্য সমীপে ক্ষুদ্রপর্ব্বতে বিশীর্ণাং পতিতাং৷ পাদাঃ প্রত্যন্ত পর্ব্বতাঃ ইত্যমরঃ ৷ বিন্ধ্যপাদে কিম্ভূতে উপলেন পাষাণেন বিষমে দুর্গমে পাদ পতনে হেতুমাহ ভক্তিচ্ছেদৈঃ সেবা ত্রুটিভিঃ অন্যা অপি সেবাহীনা নার্য্যঃ পতিক্রোধো

পশুমনায় ঈশ্বর পাদে পতন্তি। অনেন বিন্ধ্যপর্ব্বতো নায়কত্বেন উপবর্ণিতঃ। ইব উৎপ্রেক্ষায়াং। পুনঃকিম্ভূতাং গজস্য কায়েভূতিং শোভাং॥ ২০

ভাষা।

হে মেঘ কিরাত রমণীগণের উপভোগযোগ্য লতা মণ্ডপমণ্ডিত আম্রকূট পর্ব্বতে মূহূর্ত্তকাল অবস্থিতি করিয়া বর্ষণদ্বারা তোয়শূন্য লঘুকলেবর প্রযুক্ত দ্রুততর গমন করিয়া নানা পথ অতিক্রমণ পূর্ব্বক রেবানদী দর্শন করিবে। যে রেবা ক্রীড়ার্থ করিনিকরের বিরচিত শোভা হইয়াছেন এবং বিন্ধ্যগিরিবরের কামিনী তুল্যা হইয়াও পতিসেবা ব্যতিক্রম জন্য বিন্ধ্য চরণসদৃশ সমীপস্থ ক্ষুদ্রপর্ব্বতে পতিতা হইয়াছেন, যে ক্ষুদ্রপর্ব্বত বিষম পাষাণদ্বারা জনগণের দুর্গম্য॥ ২০॥

মূল।

তস্যাস্তিক্তৈ র্ব্বনগজমদৈ র্ব্বাসিতং বান্তবৃষ্টি র্জম্বূকুঞ্জ প্রতিহতরয়ং তোয় মাদায়গচ্ছেঃ। অন্তঃ সারং ঘন তুলয়িতুং নানিলঃশক্ষ্যতি ত্বাং রিক্তঃ সর্ব্বো ভবতি হি লঘুঃ পূর্ণতা গৌরবায়। ২১

টীকা।

হে মেঘ তস্যা রেবযাস্তোয়ং আদায় গৃহীত্বা গচ্ছে র্যাস্যসি তোয়ং কিম্ভূতং বন গজমদৈর্ব্বাসিতং সুগন্ধং কিম্ভূতৈস্তিক্তৈঃ সুরাভিঃ তিক্তা স্যাৎ কটুরোহিণ্যাং তিক্তস্তু সুরভো রসে ইত্যজয়পালঃ॥ জল মহৎ কথ মাদাস্যামীতি মেঘাভিপ্রায়ে আহবান্তবৃষ্টিঃ। সা নদী মহাবেগা তত্র জল মাদাতুং কথং শক্ষ্যামি ইতি মেঘাভিপ্রায়ে আহ জম্বুকুঞ্জেন ক্রমলতা সহিত স্থানেন প্রতিহতোনিবারিতো রয়ো বেগো যস্য জলস্য তত্তথা॥ জলগ্রহণেন মম কিং ভবিষ্যতীতি মেঘাভিপ্রায়ে আহ অন্তঃসারং ত্বাং তুলয়িতুং স্বচ্ছন্দং প্রের য়িতুং অনিলো বাযুঃ ন শক্ষ্যতি নসমর্থো ভবিষ্যতি জলাভাবে তব লাঘবাৎ স্বচ্ছন্দ প্রেরণং অন্যজলে গৃহীতেপি কথ মুত্তোলয়িতুং নশক্ষ্যতি ইতি মেঘাভিপ্রায়ে আহ অর্থান্তরন্যাসঃ সর্ব্বো জনঃ শূন্যঃ সন্ লঘুর্ভবতি সর্ব্বেষাং পূর্ণতা গৌরবায় ভবতি॥ ২১॥

ভাষা।

হে মেঘ তরুলতাদিযুক্ত স্থানদ্বারা নিবারিত বেগা সেই রেবানদীর বন্যগজগণনিঃসৃতমদযুক্ত সুগন্ধি জলগ্রহণ পূর্ব্বক গুরুতর পূর্ণকলেবর হইয়া গমন করিবে অতএব প্রচণ্ড সমীরণ তোমার গমন ব্যাঘাত করিতে শক্ত হইবেননা যে হেতু লঘীয়ান্ ব্যক্তি সর্ব্বত্রইপরাভূত হয়েন, গৌরবান্বিত হইলে কেহই পরাভূত হয়না।২১

মূল ।

নীপং দৃষ্ট্বা হরিতকপিষং কেশরৈ রর্দ্ধরূঢ়ৈ রাবির্ভূত প্রথম মুকুলাঃ কন্দলী শ্চানুকচ্ছং দগ্ধারণ্যেষ্বধিক সুরভিং গন্ধমাঘ্রায় চোর্ব্ব্যাঃ সারঙ্গাস্তে জললবমুচঃ সূচয়িষ্যন্তি মার্গং ॥২২

টীকা ॥

অহং কথং মার্গং জ্ঞাস্যামীতি মেঘাভিপ্রায়ে আহ তে তবমার্গং সারঙ্গাঃ ভৃঙ্গ কুরঙ্গ মাতঙ্গ চাতকাঃ সূচয়িষ্যন্তি সারঙ্গাশ্চ সারঙ্গাশ্চ সারঙ্গাশ্চ সারঙ্গাশ্চ ইত্যেক শেষঃ । সারঙ্গা ভৃঙ্গা নীপং দৃষ্ট্বা মার্গং সূচয়িষ্যন্তি কিম্ভূতং নীপং অর্দ্ধরূঢ়ৈঃ কেশরৈঃ পুষ্পৈঃ হরিতকপিষং হরিতশ্চাসৌ কপিষশ্চেতি তং ॥ মৃগাঃ অনুকচ্ছং কচ্ছেকচ্ছে অনু নিকটে কন্দলী দৃষ্ট্বা কন্দলী তৃণভেদঃ কিম্ভূতাঃ আবির্ভূতঃ উৎপন্নঃ প্রথমং মুকুলঃ কলিকা য়াসাং তাঃ । মাতঙ্গা হস্তিনঃ উর্ব্ব্যাঃ পৃথিব্যাঃ গন্ধমাঘ্রায় কুত্র দগ্ধারণ্যেষু দগ্ধানি চ তানি অরণ্যানি চেতি তেষু । গন্ধং কিম্ভূতং অধিক সুরভিং অতিশয়িত সৌরভং । সারঙ্গা শ্চাতকাঃ কথং মার্গং সূচয়িষ্যন্তি ইতি মেঘাভিপ্রায়ে আহ হেতুগর্ব্ভ বিশেষণং । তব কিম্ভূতস্য জললবমুচঃ জললবং মুঞ্চতীতি তস্য । তে পুন র্জলযাচকা ইতি । সারঙ্গা শ্চাতকে ভৃঙ্গে মাতঙ্গে চকুরঙ্গকে ইতি হড্ডচন্দ্রঃ ॥ ২২ ।

ভাষা ।

মেঘের পথজ্ঞানের উপায় কহিতেছেন, ঈষৎ বি-

কষিত কুসুমনিচয়দ্বারা পালাশবর্ণ যে কদম্বপাদপ তদালোকন করিয়া মধুপানোৎসুক ভ্রমরনিকর তো- মার পথ দর্শক হইবেন, এবং জলসমীপ স্থানে নব মুকু লিত কন্দলীতৃণ ভক্ষণলুব্ধ হইয়া মৃগগণ তোমার গমন পদবীর জ্ঞাপক হইবেন; ও দবদাহ দ্বারা দগ্ধ মৃত্তিকার সুরভি গন্ধাঘ্রাণ আনন্দিত হইয়া গজযূথ সকল তোমার বর্ত্ম বোধক হইবেন, তথা ঘনজল ভক্ষি চাতক পক্ষি স- কলে মন্দ মন্দ নিঃসৃত জলকণা গ্রহণ লুব্ধ হইয়া পথ সূচক হইবেন ।। ২২

মূল ।

অম্ভোবিন্দু গ্রহণ রভসাংশ্চাতকান্ বীক্ষ্যমাণাঃ শ্রেণীভূতাঃ পরিগণনয়া নির্দ্দিশন্তো বলাকাঃ । ত্বামাসাদ্য স্তনিত সময়ে মানয়িষ্যন্তি সিদ্ধাঃ সোৎকম্পানি প্রিয় সহচরী সম্ভ্রমালিঙ্গিতানি ২৩

টীকা ॥

হে মেঘ সিদ্ধা স্ত্বাং মানয়িষ্যন্তি পূজয়িষ্যন্তি কিম্ভূতাঃ প্রিয়সহচরী সম্ভ্রমালিঙ্গিতানি আসাদ্য পুনঃকিম্ভূতানি স্তনিত সময়ে গর্জ্জন স- ময়ে সোৎকম্পানি সিদ্ধাঃ কিম্ভূতাঃ চাতকান্ বীক্ষ্যমাণাঃ কিম্ভূতান্

অম্ভোবিন্দু গ্রহণ রভসান্ জলবিন্দু গ্রহণোৎসুকান্। পুনঃ কি ম্ভূতাঃ অর্থাৎ সহচরীভ্যঃ বলাকাঃ পরি গণনয়া সংখ্যয়া নির্দ্দিশন্তঃ কথয়ন্তঃ। বলাকাঃ কিম্ভূতাঃ শ্রেণীভূতাঃ। ২৩।

ভাষা।

হে মেঘ তোমার গর্জন সময়ে কন্দর্প শরপিড়ীত এবং কম্পিত সহচরী গণের বাহুলতাদ্বারাঅলিঙ্গিত হইয়া সিদ্ধগণ সকলে তোমার মানবর্দ্ধন করিবেন, যে সিদ্ধ গণ জলবিন্দু গ্রহণোৎসুক চাতকপক্ষি সকলকে দর্শন করিতেছেন এবং নিজ প্রেয়সীসকলের প্রতি বকশ্রেণীর গণনা দ্বারা নির্দ্দেশ করিতেছেন, ॥ ২৩

মূল।

উৎপশ্যামি দ্রুতমপি সখে মৎপ্রিয়ার্থং যিয়াসোঃ কালক্ষেপং ককুভ সুরভৌ পর্ব্বতে পর্ব্বতে তে। শুক্লাপাঙ্গৈঃ সজল নয়নৈঃ স্বাগতীকৃত্য কেকাঃ প্রত্যুদ্যাতঃ কথমপি ভবান্ গন্তু মাশু ব্যবস্যেৎ ॥ ২৪ ॥

টীকা।

হে সখে হে মেঘ মৎপ্রিয়ার্থং মৎসন্দেশ হরণার্থং শীঘ্রং যিযাসো গন্তু মিচ্ছোস্তব পর্ব্বতে পর্ব্বতে কালক্ষেপং কালবিলম্বং উৎপশ্যামি তর্কযামি। কিম্ভূতে পর্ব্বতে ককুভসুরভৌ অর্জুনপুষ্প সু-

গন্ধৌ। ইন্দ্রদ্রুঃককুভোঽর্জুন ইত্যমরঃ॥ কথমপি কষ্ট সৃষ্ট্যা ভবা- নাশু শীঘ্রং গন্তুং ব্যবসেৎ উদ্যমং করিষ্যতি বি অবপুর্ব্বাৎ অস্যাক্ষেপে থ্যা য়াৎ ভবান্ কিম্ভূতঃ শুক্লাপাঙ্গৈর্ময়ূরৈঃ প্রত্যুদ্যাতঃ কৃতাভ্যুত্থানঃ। কিম্ভূতৈ র্জ্জ যুক্ত চক্ষুভিঃ কিং কৃত্বা কেকা বাণীনঃ স্বাগতীকৃত্য॥ ২৪॥

ভাষা।

হে মেঘ মদীয় প্রিয়া নিমিত্ত শীঘ্র গমন বিষয়ে পথ মধ্যস্থ পর্ব্বতে তোমার কালবিলম্ব বিতর্ক করিতেছি, যে সকল পর্ব্বত অর্জ্জুন বৃক্ষের বিকসিত কুসুম নিচয় দ্বারা অতি সুগন্ধি হইয়াছে, অতএব ধবলিত অপাঙ্গ যুক্ত সজল নয়ন ময়ূরগণের শ্রবণানন্দিনী বাণী শ্রবণে উত্থান পূর্ব্বক দুঃখিত হইয়া শীঘ্র গমনে তুমি উদ্যত হ- ইবে।২৪।

মূল।

পাণ্ডুচ্ছায়োপবন বৃতয়ঃ কেতকৈঃ সূচিভিন্নৈ নীড়া রম্ভে গৃহবলিভুজা মাকুল গ্রামচৈত্যাঃ। ত্বয্যাসন্নে ফল পরিণতি শ্যামজম্বূবনান্তাঃ সম্পৎস্যন্তে কতিপয়দিন স্থায়িহংসা দশার্ণাঃ॥ ২৫॥

টীকা।

হে মেঘ ত্বয়ি আসন্নে সতিদশার্ণাদেশবিশেষাঃ এবম্ভূতাঃ

সংস্থৎস্যন্তে॥ কিম্ভূতাঃ সূচিভিন্নৈঃ কেতকৈঃ পুষ্পৈঃ পাণ্ডুচ্ছায়োপবনবৃত্তয়ঃ পাণ্ডুবর্ণা ছায়াকান্তির্যস্য তাদৃশং যদুপবনং তদেব বৃত্তি রাবরণং চতুর্দ্দিক্ষু স্থিতং যেষাং । পুনঃ কিম্ভূতাঃ গ হবলিভুজাং কাকানাং নীড়ারম্ভে বাসারম্ভে আকুল গ্রামচৈত্যাঃ আকুলাঃ গ্রামচৈত্যা গ্রামস্থ পূজ্য প্রাচীন বৃক্ষা যেষাং পুনঃ কিম্ভূতাঃ। ফলানাং পরিপাকেণ শ্যামং জম্বূবনান্তং যেষাং। পুনঃ কিম্ভূতাঃ কতিপয়দিন স্থায়িনো হংসা যেষু॥ ২৫

ভাষা।

হে মেঘ তুমি সন্নিহিত হইলে কণ্টক বিদ্ধ প্রস্ফোটিত কেতক পুষ্প দ্বারা পাণ্ডুরবর্ণ উপবনাবৃত হইয়া দশার্ণদেশ অতি সুশোভিত হইবেন, যেদেশে চৈত্য বৃক্ষ সকল কাকালীর নীড়ারম্ভ সময়ে আকুলিত হইয়াছে এবং জম্বুবন সকল সুপক্ব পরিণত ফলদ্বারা শ্যামলবর্ণ হইয়াছে, তথা হংস সকল যেদেশে কিয়ৎকাল স্থায়ি হইয়াছে। ২৫।

মূল।

তেষাংদিক্ষু প্রথিত বিদিশা লক্ষণাং রাজধানীং গত্বা সদ্যঃ ফল মতিমহৎ কামুকত্বস্য লব্ধা। তীরোপা-

স্তু স্তনিত সুভগং পাস্যসি স্বাদুযুক্তং সভ্রূভঙ্গং মুখমিব
পয়ো বেত্রবত্যা শ্চলোর্ম্মি ॥ ২৬ ॥

টীকা ।

হে মেঘ তেষাং দশার্নানাং রাজধানীং গত্বা বেত্রবত্যাঃ পয়ঃ পাস্যসি। কিম্ভূতাং দিক্ষু দশদিক্ষু প্রথিতং বিদিশা এব লক্ষণং নাম যস্যাঃ তাং॥ কিং কৃত্বা কামুকত্বস্য কামিভাবস্য অতিমহৎ মহত্তরং ফলং লব্ধা প্রাপ্য সদ্যঃ তৎক্ষণং । পয়ঃ কিম্ভূতং তীরোপান্তে যৎ স্তনিতং ধ্বনি স্তেন সুভগং সুন্দরং পুনঃ কিম্ভূতং স্বাদুযুক্তং স্বাদুতা সহিতং চলা চঞ্চলা উর্ম্মিস্তরঙ্গো যস্য তৎ কিমিব সভ্রূভঙ্গং ভ্রূভঙ্গ সহিতং মুখমিব ॥ ২৬ ॥

ভাষা ।

হে মেঘ যে রাজধানী দশদিকেতে বিদিশানামে বিখ্যাত আছে, সেই রাজধানী প্রাপ্ত হইয়া বেত্রবতী নদীর চঞ্চল তরঙ্গ আন্দোলিত সুস্বাদু জলপান করিবে, যে জল কমনীয় কামিনীদিগের ভ্রূভঙ্গিযুক্ত বদন সুধাংশু নিঃসৃত সুধাতুল্য এবং তীর সমীপে ভবদীয় গর্জ্জনদ্বারা অতি মনোহর হইয়াছে, অতএব কামিজনের শুভ মহৎ কামফল শীঘ্র প্রাপ্ত হইয়া সুখী হইবে। ২৬।

মূল।

নীচৈরাখ্যং গিরিমধিবসে স্তত্র বিশ্রামহেতো স্তুৎ স
ম্পর্কং পুলকিত মিব প্রৌঢ় পুষ্পৈ কদম্বৈঃ। যঃ পণ্যস্ত্রী
রতি পরিমলোদ্গারিভি র্নাগরাণা মুদ্দামানি প্রথয়তি
শিলাবেশ্মভি র্যৌবনানি ॥ ২৭ ॥

টীকা।

তত্র বিদিশানগর্য্যাং বিশ্রাম হেতোঃ বিশ্রামার্থং নীচৈরাখ্যং
নীচনামানং গিরিং পর্ব্বতং অধিবসের্বৎস্যসি নীচগিরিং কি-
মিব ত্বৎ সম্পর্কাৎ প্রৌঢ়ানি পুষ্পাণি যেষাং তৈঃ কদম্বৈঃ পুলকিত
মিব। যো নীচগিরিঃ নাগরীণা মুদ্দামানি যৌবনানি শিলাবেশ্মভিঃ
পাষাণ বিনির্ম্মিত গৃহৈঃ প্রথযতি ব্যক্তীকরোতি কিম্ভূতৈঃ পণ্য
স্ত্রীণাং বেশ্যানা মুক্তমরতি পরিমলং উদ্গারিতুং শীলং যেষাং।
তৈঃ। ২৭।

ভাষা।

হে মেঘ তুমি বিশ্রাম নিমিত্ত সেই বিদিশা নগরস্থ-
নীচ নামক পর্ব্বতে স্থিতি করিবে, যে পর্ব্বত বারাঙ্গনা
দিগের রতি মন্দিরের সুরভি গন্ধতুল্য জনমনোহর প-
রিমল গন্ধযুক্ত পাষাণময় গৃহদ্বারা নগরাঙ্গনাদিগের
প্রৌঢ় যৌবন বিস্তার করিতেছেন, এবং তোমার সংসর্গ
প্রাপ্ত হইয়া পুলকিত কলেবর হইয়াছে। ২৭।

মূল ।

বিশ্রান্তঃ সন ব্রজ নগনদী তীরজাতানি সিঞ্চন্নুদ্যানানাং নবজলকণৈ র্যূথিকা জালকানি । গণ্ডস্বেদাপনয়নরুজা ক্লান্তকর্ণোৎপলানাং ছায়াদানাৎ ক্ষণপরিচিতঃ পুষ্প নারীমুখানাং ॥ ২৮ ॥

হে মেঘ অর্থাৎ তত্রগিরৌ বিশ্রান্তঃ সন্ ত্বং ব্রজ যাস্যসি। কিং কুর্ব্বন্ উদ্যানানাং পুষ্প বাটিকানাং যূথিকাজালকানি নবজল কণৈ করণৈকঃ সিঞ্চন্ ক্ষারকো জালকং ক্লীবে কলিকা কোরকঃ পুমান্ ইত্যমরঃ॥ কিম্ভূতানি নগ নদীতীর জাতানি নগেষু পর্ব্বতেষু নদীতীরেষুচ জাতানি উৎপন্নানি শৈলবৃক্ষৌ নগাপগৌ ইত্যমরঃ। পুনশ্চ কিম্ভূত স্ত্বং ছায়াদানৎ আতপাপনয়নকারণাদ্ধেতোঃ পুষ্প নারীমুখানাং মালাকার স্ত্রীণাং মুখানাং ক্ষণপরিচিতঃ। ক্ষণং ব্যাপ্য পরিচিতঃ গত্যৈ রিতিতৎপুরুষ সমাসঃ।পুষ্পনারী মুখানাং কীদৃশানাং গণ্ডস্বেদাপনয়নরুজা ক্লান্তকীর্ণোৎপলানাং। গণ্ডস্বেদস্য গণ্ডসম্বন্ধি ঘর্ম্মস্য য়দপনয়নং দূরীকরণং তেনহেতুনা যারুক্ ব্যথা জাতা তয়া ক্লান্তে ম্লানীভূতে কর্ণোৎপলে কর্ণস্থে উৎপলে যেষাং। ২৮

ভাষা ।

হে মেঘ ঘর্ম্মাক্ত গণ্ডস্থল স্বেদাপনয়ন জনিত বাধা প্রযুক্ত ম্লানীভূত কর্ণোৎপলযুক্ত মুখারবিন্দ বিশিষ্ট যে মালাকার প্রমদাগণ তাহারদিগের, স্বকীয় কলেবরের

সুস্নিগ্ধ ঘনচ্ছায়া প্রদান হেতুক তৎকর্তৃক ক্ষণকাল পরিচিত হইয়া, এবং সেই বিদেশা নগরের নদী তীরস্থ ও পর্ব্বতীয় যূথিকা কুসুম বাটিকার মুদ্রিত কলিকা সকল নবজলশীকরদ্বারা সিক্ত করিয়া কিঞ্চিৎকাল তৎস্থানে বিশ্রাম পূর্ব্বক গমন করিবে। ২৮।

মূল।

বক্রঃপন্থা যদপি ভবতঃ প্রস্থিতস্যোত্তরাশাং সৌধোৎসঙ্গ প্রণয় বিমুখো মাচভূরুজ্জয়ন্যাঃ। বিদ্যুদ্দামস্ফুরণ চকিতৈ স্তত্র পৌরাঙ্গনানাং লোলাপাঙ্গৈ র্যদি ন রমসে লোচনৈ র্বঞ্চিতোসি ॥ ২৯ ॥

টীকা॥

হে মেঘ উত্তরাশাং উত্তরদিশং প্রস্থিতস্য ভবত স্তব উজ্জয়নী গমনেন যদপি যদ্যপি পন্থা বক্রো ভবতি তথাপি উজ্জয়ন্যা নগর্য্যাঃ সৌধোৎসঙ্গ প্রণয় বিমুখো রাজগৃহ ক্রোড়প্রীতি রহিতো মাচভূঃ ন ভবিষ্যসি সৌধোঽস্ত্রী রাজসদন মিত্যমরঃ ॥ যদি পন্থা বক্রো ভবতি তদা কথমুজ্জয়নী গন্তব্যা ইতি মেঘাভিপ্রায়ে আহ তত্র নগর্য্যাং পৌরাঙ্গনানাং লোচনৈ র্যদি ন রমসে ক্রীড়সি তদা বঞ্চিতোসি বিপ্রলব্ধো ভবসি কীদৃশৈঃ লোলশ্চপলোঽপাঙ্গো নেত্রান্তো যেষাং তৈঃ। পুনঃ কিম্ভূতৈঃ। বিদ্যুদ্দামস্ফুরণ চকিতৈঃ সৌদামিনী শ্রেণীনাং স্ফুরণবৎ প্রকাশবচ্চকিতৈঃ ক্ষণিকৈঃ ॥ ২৯।

ভাষা।

হে মেঘ উত্তরদিগবস্থিত অলকাপুরী গমনকালে উজ্জয়নী নগরের রাজসদন দর্শন স্পর্শন বিষয়ে প্রীতি রহিত হইওনা; যদ্যপি উজ্জয়নী গমনে বক্র পথপ্রযুক্ত তোমার আয়াস বাহুল্য হইবে তথাপি তন্নগরীয় বরাঙ্গনাগণের সৌদামিনীতুল্য ক্ষণভঙ্গুর চঞ্চল চকোর নয়নের অপাঙ্গ দেশের গোচর যে ব্যক্তি না হইল তাহার জন্ম বিফল ও বিধাতা কর্ত্তৃক সে বঞ্চিত, অতএব তন্নগরে অবশ্য গমনং কর্ত্তব্য। ২৯।

মূল।

বীচিক্ষোভ স্তনিত বিহগ শ্রেণিকাঞ্চীগুণায়াঃ সংসর্পন্ত্যাঃ স্খলিতসুভগং দর্শিতাবর্ত্তনাভেঃ। নির্ব্বিন্ধ্যায়াঃ পথি ভব রসাভ্যন্তরং সন্নিপত্য স্ত্রীণামাদ্যং প্রণয়বচনং বিভ্রমো হি প্রিয়েষু ॥ ৩০ ॥

টীকা।

ইদানীমুজ্জয়নী গামুকং প্রতি মার্গমাহ। বীচিক্ষোভেত্যাদি। হে মেঘ নির্ব্বিন্ধ্যা নাম নদ্যাঃ রসাভ্যন্তরং শৃঙ্গারান্তরং সন্নিপত্য অনুভূয় পথিমার্গে ত্বং ভব কিন্তু তায়াঃ। বীচিক্ষোভস্তনিত বিহগ শ্রেণি কাঞ্চীগুণায়াঃ বীচ্যান্তরঙ্গস্য ক্ষোভ স্তেন স্তনিতা শব্দিতা

বিহগশ্রেণী সৈব কাঞ্চীগুণো মেখলা যস্যাঃ ॥পুনঃ কিম্ভূতায়াঃ সংস- র্পন্ত্যাঃ প্রযান্ত্যাঃ পুনঃ কিম্ভূতায়াঃ স্খলিতসুভগং যথাস্যাত্তথা দর্শিতা আবর্ত্তনাভি র্যয়া স্যাদাবর্ত্তোঽম্ভসাং ভ্রমঃ ইত্যমরঃ নদ্যা এবং রূপধারণে কিং কারণং অত আহ হিযস্মাৎস্ত্রীণাং প্রিয়েষু বল্লভেষু বিভ্রমঃ বিলাসঃ প্রথমং প্রণয়বচনং সানুরাগবচনং ।৩০

ভাষা।

উজ্জয়নী গমনের পথ বিজ্ঞাপন করিতেছেন, হে মেঘ তুমি পথমধ্যে নির্ব্বিন্ধ্যা নদীর শৃঙ্গার রসানুভূত হই য়া গমন করিবে, যে নদীর গভীর নীর তরঙ্গ ক্ষোভ দ্বারা শব্দায়মান বিহগ শ্রেণী সকল মেখলাগুণস্বরূপ হইয়াছে, এবং অতি বেগবতী হইয়া যে নদী আবর্ত্ত রূপ নিজ নাভি দর্শন করাইতেছেন, প্রমদাগণের যে- নাভি দর্শনে নিজ মাহাত্ম্যের হানি হয়, নদীর এতাদৃশ রূপ ধারণের কারণ এই যেহেতু প্রিয়জনেতে কামিনী গণের শৃঙ্গারভাব জনিত বিলাসই প্রণয়বাক্য হই য়াছে। ৩০।

মূল।

বেণীভূত প্রতনু সলিলা তা মতীতস্য সিন্ধুঃ পাণ্ডুচ্ছা- য়া তটরুহতরুভ্রংশিভিঃ শীর্ণপর্ণৈঃ। সৌভাগ্যন্তে সুভগ

বিরহাবস্থ যা ব্যঞ্জয়ন্তী কার্শ্যং যেন ত্যজতি বিধিনা সত্ত্বয়ৈ বোপপাদ্যঃ ।। ৩১ ।।

টীকা।

হে সুভগ শোভন কান্ত মেঘ তাং নির্ব্বিন্ধ্যা মতীতস্যাতিক্রান্তস্য তেতব বিরহাবস্থয়া সৌভাগ্যং ব্যঞ্জয়ন্তী প্রকাশয়ন্তী সিন্ধুর্নাম নদী যেনবিধিনা প্রকারেণ কার্শ্যং কৃশতাং ত্যজতি স বিধি স্ত্বয়ৈব উপপাদ্যঃ বিধেয়ঃ। কিম্ভূতা সা বেণীভূতং প্রতনুস্বল্পং সলিলং যস্যাঃ সা পুনঃ কিম্ভুতা শীর্ণপর্ণৈঃ জীর্ণপর্ণেঃ কিম্ভূতৈঃ তটরুহ তরুভ্রংশিভিঃ তটেরোহন্তীতি তটরুহা স্তেচ তে তরবশ্চেতি তেভ্যঃ ভ্রংসঃ পতনং বিদ্যতে যেষাং তৈঃ করণকৈঃ পাণ্ডুবর্ণা ছায়া কান্তির্যস্যাঃ ॥ অয়মর্থ ভর্ত্তৃবিরহিতানারী একাং বেণীং পাণ্ডুতাং কার্শ্যঞ্চ বিভর্ত্তি নদীনাঞ্চ মেঘা ভর্ত্তারঃ তদ্বিরহাত্তদ্রূপতাপত্তিঃ বিরহিণী ভর্ত্তৃ সঙ্গমে কার্শ্যং মুঞ্চতি ইয়ঞ্চ বহল জলধারাভি র্বর্ষদ্ধারাধরস্য ভর্ত্তুঃ সঙ্গমে কার্শ্যং পরিমোক্ষ্যতীতিভাবঃ ॥ ৩১।

ভাষা।

হে সুভগ তুমি নির্ব্বিন্ধ্যানদী অতিক্রান্ত হইয়া তোমার গমনাভাবে চিরবিরহিণী- একবেণীতুল্য স্বল্পতোয়া তটস্থ মহীরুহের জীর্ণপত্র পতনদ্বারা পাণ্ডুবর্ণা যে সিন্ধুনদী পতি বিরহে এতাদৃশ নিজ সৌভাগ্য প্রকাশ করিতেছেন তাঁহার কৃশতা দরীকৃত করিয়া কলেবর পুষ্টি

যে প্রকারে হয় তাহা নিজ অঙ্গসঙ্গদ্বারা অবশ্য ক-
রিবে। ৩১।

মূল।

প্রাপ্যাবন্তী মুদয়নকথা কোবিদগ্রামবৃদ্ধাং পূর্ব্বো
দ্দিষ্টা মনুসর পুরীং শ্রীবিশালাং বিশালাং। স্বল্পীভূতে
সুচরিতফলে স্বর্গিণাং গাংগতানাং শেষৈঃপুণ্যৈ হৃত
মিব দিবঃ কান্তিমৎ খণ্ডমেকং ॥ ৩২ ॥

টীকা॥

হে মেঘ অবন্তীং জনপদং প্রাপ্য আসাদ্য বিশালা মুজ্জয়নীং পুরী মনুসরেত্যন্বয়ঃ। বিশালেত্যুজ্জয়ন্যা নাম। বিশালাত্বিন্দ্বারুণ্যাং পুরীভেদে পৃথৌ ত্রিষুইত্যনেকার্থকোষ॥ অবন্তীং কিম্ভূতাং উদয়নস্য বৎসরাজস্য য়া কথা তত্র কোবিদা বিদ্বাংসো গ্রামবৃদ্ধা য়ত্র তাং। পুনঃ কিম্ভূতাং পূর্ব্বোদ্দিষ্টাং পূর্ব্বকথিতাং। পুনঃ কিম্ভূতাং শ্রীবিশালাং শ্রিয়া লক্ষ্ম্যা বিস্তীর্ণাং কিমিব। সুচরিতফলে পুণ্যফলে স্বল্পীভূতে ক্ষীণে সতি গাং গতানাং পৃথিবীং প্রাপ্তানাং স্বর্গিণাং স্বর্গস্থানাং সম্বন্ধে শেষৈঃ অবশিষ্টৈঃ পুণ্যৈঃ হৃতং আনীতং কান্তিমৎ শোভাযুক্তং দিবঃ স্বর্গস্য একং খণ্ডমিব॥৩২

ভাষা।

হে মেঘ বৎসেশ্বর নামে বিখ্যাত উদয়ন নৃপতির পূর্ব্বাপূর্ব্ব বৃত্তান্ত বেত্তা বৃদ্ধজনগণাধিষ্ঠিতা, এবং সম্পত্তিশালিনী, পূর্ব্ব কথিতা যে অবন্তী নগরী তাহা প্রাপ্ত হইয়া বিশালানামিকা উজ্জয়নী নগরে গমন করিবে, যে অবন্তীনগর পুণ্যফল ভোগাবসানে স্বর্গাগত ভূমিস্থ ব্যক্তি কর্তৃক অবশিষ্ট পুণ্যদ্বারা আনীত সুশোভিত স্বর্গ খণ্ড স্বরূপ হইয়াছে। ৩২।

মূল।

দীর্ঘীকুর্ব্বন্ পটু মদকলং কূজিতং সারসানাং প্রত্যূষেষু স্ফুটিতকমলা মোদমৈত্রীকষায়ঃ। যত্র স্ত্রীণাং হরতি সুরতগ্লানি মঙ্গানুকূলঃ সিপ্রাবাতঃ প্রিয়তমইব প্রার্থনা চাটুকারঃ ॥ ৩৩ ॥

টীকা॥

যত্র উজ্জয়ন্যাং সিপ্রাবাতঃ সিপ্রানাম নদীবিশেষঃ তস্যা বায়ুঃ প্রত্যূষেষু প্রভাত সময়েষু স্ত্রীণাং সুরতগ্লানিং রতিক্রীড়াজনিতশ্রমং হরতি অপনয়তি তত্রানুসরেতি পূর্ব্বেণান্বয়। কিং কুর্ব্বন্ সারসানাং পক্ষি বিশেষাণাং পটুস্পষ্টং মদকলং মদদর্পেণাব্যক্তমধুরং

কূজিতং শব্দং দীর্ঘীকুর্ব্বন্ বিস্তারয়ন্। কিম্ভূতঃ স্ফুটিতং প্রকাশিতং যৎ কমলং তস্যামোদেন সহ যা মৈত্রী তয়া কষায়ঃ সুরভিঃ। পুনঃ কিম্ভূতঃ অঙ্গানুকূলো গাত্রানুকূলঃ গাত্রসুখজনকঃ। এতেন বায়োর্ম্মান্দ্য সৌরভ্য শৈত্যানক্ষণং গুণত্রয় মভিহিতং। সিপ্রাবাতত্বেন শৈত্যং কমলামোদমৈত্রীকষায়ত্বেন সুগন্ধিত্বং অঙ্গানুকূলত্বেন মান্দ্যমিতি। কইব প্রার্থনায়াং যাচ্ঞায়াং চাটুকারঃ আজ্ঞাকারী প্রিয়তম ইব ॥ ৩৩

ভাষা।

যে উজ্জয়নীনগরে সিপ্রানদীর সংসর্গ প্রযুক্ত শৈত্যগুণযক্ত ও বিকসিতকমলামোদামোদিত, প্রভাত কালীন মন্দ মন্দ সমীরণ, নগরাঙ্গনাদিগের সুরত ক্রীড়াজনিত পরিশ্রম দূরীকরণ করিতেছেন, যাদৃশ আজ্ঞানুবর্ত্তি প্রিয়তমজনঃ সুরতশ্রান্তা নিজ বনিতার তালবৃন্তদ্বারা শ্রমাপনয়ন করেন তারন্যায়। ৩৩

মূল।

জালোদ্গীর্ণৈ রুপচিতবপুঃ কেশসংস্কারধূপৈ র্ব্বন্ধুপ্রীত্যা ভবন শিখিভি র্দ্দত্তনৃত্যোপহারঃ। হর্ম্ম্যেষ্বস্যাঃ কুসুমসুরভিষ্বধ্বখিন্নান্তরাত্মা ত্যক্ত্বা খেদং ললিতবনিতা পাদরাগাঙ্কিতেষু ॥ ৩৪ ॥

টীকা।

হে মেঘ ত্বং উজ্জয়ন্যা হর্ম্ম্যেষু অধ্বখিন্নান্তরাত্মা অধ্বনা মার্গেণ খিন্ন আয়াসিতোহন্তরাত্মা যস্য সঃ এবম্ভূতঃ সন্ খেদং আয়াসং ত্যক্ত্বা পরিত্যজ্য চণ্ডেশ্বরস্য ধাম স্থানং যায়াঃ গচ্ছেরিতি যুগল কমিতি। ত্বং কিম্ভূতঃ জালোদ্গীর্ণৈ র্গবাক্ষ দ্বারনির্গতৈঃ কেশ সংস্কার ধূপৈঃ কেশানাং কুন্তলানাং সংস্কারো গুণান্তরারোপণং তদর্থং যে ধূপা স্তৈরুপচিতং বৃংহিতং বপুঃশরীরং যস্য। তত্রস্থিতা ললনাঃ কিল অগুরুধূপৈঃ কেশান্ সুরভয়ন্তি। পুনঃ কিম্ভূতঃ। বন্ধু প্রীত্যা বন্ধুজন প্রেম্না ভবন শিখিভি র্গৃহস্থিত ক্রীড়াময়ূরৈ র্দত্তো নৃত্যরূপোপহারো উপঢৌকনং যেন সঃ। হর্ম্ম্যেষু কিম্ভূতেষু কুসুম সুরভিষু পুষ্পৈঃ সুগন্ধিষু পুনঃ কিম্ভূতেষু ললিত বনিতাপাদ রাগাঙ্কিতেষু ললিতা সলীলা যা বনিতা স্তাসাং পাদরাগেণালক্তকাদিনা অঙ্কিতেষু॥ ৩৪॥

ভাষা।

সেই উজ্জয়নীনগরের ধনিজনদিগের বরবর্ণিনীগণের কেশ সংস্কারার্থ নানা সুগন্ধি দ্রব্যকল্পিত ধূপের গবাক্ষজালনির্গত ধূমদ্বারা বর্দ্ধিতকলেবর হইয়া এবং তন্নগরীয় হর্ম্ম্যতল মধ্যে পথগমন শ্রমাপনয়ন করিয়া চণ্ডেশ্বরের নগরমধ্যে পরমসুখে গমন করিবে, যে উজ্জয়নীর হর্ম্ম্যতল সকল, তত্রস্থ বরাঙ্গনাদিগের চলন্নূপুরযুক্ত কোমল চরণের অলক্তকরাগদ্বারা

চিহ্নিত হইয়াছে, এবং নানা জাতীয় সুগন্ধি কুসুম দ্বারা জনমনোহর সুরভিযুক্ত হইয়াছে, তথা ক্রীড়ার্থ রক্ষিত ময়ূরগণ সকল তোমার দর্শনে বিস্তৃতপুচ্ছ হইয়া নরীনৃত্যমান হইবে। ৩৪।

মূল।

ভর্ত্তুঃ কণ্ঠচ্ছবিরিতি গণৈঃ সাদরং বীক্ষ্যমাণঃ পুণ্যং যায়াস্ত্রিভুবনগুরোর্ধাম চণ্ডেশ্বরস্য। ধূতদ্যানং কুবলয়রজো গন্ধিভি র্গন্ধবত্যা স্তোয়ক্রীড়াবিরতযুবতি স্নানতিক্তৈ র্মরুদ্ভিঃ॥ ৩৫॥

টীকা।

হে মেঘ ত্বং চণ্ডেশ্বরস্য ভগবতো ধাম প্রাসাদং যায়া গচ্ছঃ কীদৃশস্য ত্রিভুবনগুরোঃ লোকত্রয় স্বামিনঃ॥ ত্বং কিম্ভূতঃ সাদরং সগৌরবং যথাস্যাত্তথা গণৈ র্ভৃঙ্গিপ্রভৃতিভিঃ বীক্ষ্যমাণো দৃশ্যমানঃ যতস্ত্বং ভর্ত্তুর্নীলকণ্ঠস্য চ্ছবিরিব দীপ্তিরিব ছবির্যস্য তথাভূতঃ অতঃ ধাম কিম্ভূতং পুণ্যং পাপহারি পুনঃ কিম্ভূতং কুবলয় রজো গন্ধিভির্জ্জলজপরাগ গন্ধধারিভিঃ পুন র্গন্ধবত্যা নদ্যা স্তোয়েষু জলেষু যাক্রীড়া তত্র বিরতাসিক্তা য়া যুবতয় স্তাসাং যৎ স্নানং স্নানীয় দ্রব্যং তেনতিক্তৈঃ সুগন্ধিভির্ম্মরুদ্ভির্ব্বায়ুভিঃ ধূতোদ্যানং ধূতং কম্পিত মুদ্যান মুপবনং যত্র॥ এতেন বায়োর্ধূতোদ্যানত্বেন মন্দত্বং

কুবলয়সংসর্গ ত্বেন সৌগন্ধ্যং গন্ধবত্যাঃ সম্বন্ধেন শৈত্যং ব্যক্তমুক্তং । ৩৫

ভাষাং

হে মেঘ লোকত্রয় স্বামি ত্রিভুবনজনগুরু মহাদেবের সেই পবিত্রস্থানে গমন করিবে, যেস্থান গন্ধবতী নদীর জলক্রীড়ারত যুবতীগণের স্নানীয়দ্রব্যসংসর্গ সুগন্ধি, পদ্ম পরাগ গন্ধবাহি সমীরণদ্বারা কম্পিত উপবনযুক্ত হইয়াছে; সেইস্থানে উপনীত হইলে নন্দিপ্রভৃতি শিবগণ সকলে স্বীয় ভর্ত্তা নীলকণ্ঠের কণ্ঠচ্ছবিতুল্য তোমার রূপ দর্শন করিয়া বিশেষরূপ আদর করিবেন । ৩৫ ।

মূল ।

অপ্যন্যস্মিন্ জলধর মহাকাল মাসাদ্য কালে স্থাতব্যং তে নয়ন বিষয়ং যাবদভ্যেতি ভানুঃ । কুর্ব্বন্ সন্ধ্যাবলি পটহতাং শূলিনঃ শ্লাঘনীয়া মামন্দ্রাণাং ফল মবিকলং লপ্স্যতে গর্জ্জিতানাং ॥ ৩৬ ॥

টীকা ।

কুলকং অপীতি । হে জলদ সন্ধ্যা সময়াদন্যস্মিন্নপি কালে মধ্যাহ্নসময়ে মহাকালস্যায়তন মাসাদ্য প্রাপ্য তাবৎকালং তে ত্বয়া স্থাতব্যং ভবতি তে ইতি কর্ত্তরিষষ্ঠী ভবতীত্য ধ্যাহার্য্যং । যা-

বস্তুগবান্ ভানু রাদিত্যো লোচনগোচরোঽভ্যেত্যাগচ্ছতি এতেন সন্ধ্যোচ্যতে অস্তময়কালং যাবদিত্যর্থঃ। কিমেতাবতা স্যাদিত্যাহ কুর্ব্বন্নিত্যাদি। এবং হি ত্বং গর্জ্জিতনাং ফলং ভবানলপ্স্যতে স্তনিতানাং কার্য্যং প্রপ্স্যতীতি কিম্ভূতানাং আমন্দ্রাণাং গম্ভীরাণাং ফলং কিম্ভূতং অবিকলং সম্পূর্ণং। কিং কুর্ব্বন্ শূলিনো ভগবতো মহাকালস্যায়তনস্য সন্ধ্যাবলিপটহতাং সন্ধ্যাকালে যো বলিঃ পূজোপহারঃ তত্র পটহো বাদ্যবিশেষঃ পটহইব পটহস্তস্যভাবঃ পটহতাং তত্রূপতাং সম্পাদয়ন্। কিম্ভূতাং শ্লাঘনীয়াং প্রশংসনীয়ং॥ ৩৬॥

ভাষা।

হে মেঘ তুমি মহাকাল নিলয় প্রাপ্ত হইয়া সূর্য্যাস্তকাল পর্য্যন্ত অবস্থিতি করিবে, তাহাহইলে মহাদেবের সন্ধ্যাকালীন পূজার উপহার যে শ্লাঘনীয় পটহ বাদ্য তদনুকারি যে তোমার গভীর গর্জ্জন তাহার ফল প্রাপ্ত হইবে। ৩৬।

মূল।

পাদন্যাস ধ্বনিত রসনা স্তত্র লীলাবধূতৈ রত্নচ্ছায়া খচিত বলিভি শ্চামরৈ ক্লান্তহস্তাঃ। বেশ্যা স্ত্বত্তো নখপদ সুখান্ প্রাপ্য বর্ষাগ্রবিন্দূনামোক্ষ্যন্তি ত্বয়ি মধুকরশ্রেণি দীর্ঘান্ কটাক্ষান্॥ ৩৭॥

টীকা।

তত্র মহাকালায়তনে বেশ্যা ত্বয়ি কটাক্ষানামোক্ষ্যন্তি ত্যক্ষ্যন্তি মোচয়িষ্যন্তি। কিম্ভূতান্ মধুকর শ্রেণিদীর্ঘান্ ভ্রমর পংক্তিব্যায়তান কিংকৃত্বা ত্বত্তঃ ভবতঃ সকাশাৎ বর্ষাগ্রবিন্দুন্ প্রাপ্য বর্ষস্য বৃষ্টে র-গ্রে প্রথমে যেবিন্দবো জলকণা স্তানাদায় কিম্ভূতান্ নখপদ সুখান্ নখপদানি নখক্ষতানি সুখয়ন্তীতি নখপদসুখা স্তান্ প্রচ্ছিন্ন নখব্রণানাং শৈত্যত্বেন জলবিন্দবোহি সুখং জনয়ন্তীত্যর্থঃ বেশ্যাঃ কিম্ভূতাঃ পাদন্যাস ধ্বনিত রসনা পাদন্যাসেন চরণ চালনেন ধ্বনিতা। কৃণিতা রসনাকাঞ্চী যাসাংতাঃ। পুনঃ কিম্ভূতাঃ লীলাবধূতৈ র্বিলাসচালিতৈঃ রত্নচ্ছায়া খচিতবলিভিঃ রত্নানাং পদ্মরাগাদীনাং ছায়াঃ কান্তয়ঃতাভিঃ খচিতা চ্ছুরিতা বলয়ো দণ্ডা যেষাংতৈঃ এবম্ভূতৈ শ্চামরৈঃ করণকৈঃ ক্লান্তহস্তা খিন্নহস্তাঃ বলিশ্চামরদণ্ডেস্যাদিতি পূর্ব্বে ব্যাখ্যাতং ॥ ৩৭ ॥

ভাষা।

সেই শূলপাণি ভবনে প্রতিপদার্পণে শব্দায়মান রত্ননির্ম্মিত কাঞ্চীগুণবতী, ও হীরকাদি রত্নখচিত দণ্ড যুক্ত চামরের লীলাবধূননে শোণিম ভুজ পল্লব ক্লান্তিমতী, বারাঙ্গনা সকলে স্বস্ব দেহস্থ নখক্ষতোপরি জলকণা পতনে সুখপ্রাপ্তাহইয়া মধুকরশ্রেণীরন্যায় আ-য়ত কটাক্ষদ্বারা তোমাকে অবলোকন করিবেন। ৩৭।

মূল।

পশ্চাদুচ্চৈর্ভুজতরুবনং মণ্ডলেনাভিলীনঃ সান্ধ্যং তেজঃ প্রতিনবজবাপুষ্পরক্তং দধানঃ। নৃত্যারম্ভে হর পশুপতে রাদ্রনাগাজিনেচ্ছাং শান্তোদ্বেগস্তিমিত নয়নং দৃষ্টভক্তি র্ভবান্যা ॥ ৩৮॥

টীকা।

পশ্চাদিতি। এদদনন্তরং ত্বং পশুপতেরীশ্বরস্য আর্দ্রনাগাজিনেচ্ছাং হর আর্দ্রং তৎক্ষণোৎকৃত্তং নাগস্য করিণঃ অজিনং চর্ম্মতত্র ইচ্ছাং অভিলাষং হর অপনয় কস্মিন্‌সময়ে নৃত্যারম্ভে নৃত্যোপক্রমে কিম্ভূত স্ত্বং পশ্চাৎ উচ্চৈর্ভুজতরুবনং মণ্ডলেনাভিলীনঃ। পশ্চাৎ পৃষ্ঠতঃ উচ্চৈর্দ্দীর্ঘতরং ভুজএব তরবো বৃক্ষা স্তেষাং বনং সমুদায়ঃ ॥ মণ্ডলেন আত্মবিম্বেন অভিলীনঃ আশ্লিষ্টঃ। পুনঃকিম্ভূতঃ। প্রতিনবজবাপুষ্পরক্তং সান্ধ্যং তেজো দধানঃ প্রতি নবয়তি নবং অম্লান মিতিযাবৎ যৎ জবাপুষ্পং তদ্বদ্রক্তং রক্ত বর্ণং সান্ধ্যং সন্ধ্যায়াং ভবং যত্তেজঃ তদ্দধাতীতি ॥ পুনঃ কীদৃশঃ শান্তেন বেগস্তিমিত নয়নং যথাস্যাত্তথা ভবান্যা ভবভার্য্যযা দৃষ্ট ভক্তিঃ। শান্তশ্চাসৌ উদ্বেগস্ত্রাসশ্চেতি তেনস্তিমিতং নয়নং যত্র দশন ক্রিয়ায়াং দৃষ্টা ভক্তিঃ সেবা যস্য ॥ ৩৮ ॥

ভাষা ।

হে মেঘ অনন্তর তূমি মহাদেবের নর্ত্তনকালে অভিনব জবা কুসুমতুল্য সন্ধ্যাকালীন সূর্য্য তেজ ধারণ পূর্ব্বক পৃষ্ঠদেশস্থ দীর্ঘ ভুজবনে আশ্লিষ্ট হইয়া শূলপাণির সরস করিচর্ম্মাভিলাষ অপনয়ন করিবে, এবং ভবভয়হারিণী ভবানী সুস্থির শান্ত নয়নদ্বারা তোমার অচলা ভক্তি দর্শন করিবেন ।। ৩৮ ।

মূল ।

গচ্ছন্তীনাং রমণ বসতিং যোষিতাং তত্র নক্তং রুদ্ধালোকে নরপতি পথে সূচিভেদ্যৈ স্তমোভিঃ । সৌদামিন্যা কনক নিকষ চ্ছায়য়া দর্শয়োর্ব্বীং তোয়োৎসর্গ স্তনিত মুখরো মা চ ভূর্ব্বিক্লবা স্তাঃ ।। ৩৯ ।।

টীকা ।

গচ্ছন্তীমিতি তত্র উজ্জয়ন্যাং উর্ব্বীং পৃথ্বীং দর্শয় প্রকাশয় কাসাং যোষিতাং কিম্ভুতানাং রমণ বসতিং প্রিয়তমাবাসং নক্তং রাত্রৌ গচ্ছন্তীনাং কয়া সৌদামিন্যা কিম্ভুতয়া কনকনিকষ স্নিগ্ধয়া কনকস্য সুবর্ণস্য নিকষো নিঘর্ষণং তদ্বৎ স্নিগ্ধয়া ছায়য়েতি পাঠে কনক ঘর্ষণস্য ছায়া কান্তি র্যস্যাঃ তয়া । কস্মিন্ সতি নরপতি পথে নরপতেঃ পন্থাঃ নরপতি পথো রাজমার্গ স্তস্মিন্ সতি কিম্ভুতে রুদ্ধাবলোকে

রুদ্ধঃ পিহিতো আলোকো দর্শনং যত্র তৈ স্তমোভি রন্ধকারৈঃ কীদৃশৈঃ সূচিভেদ্যৈঃ সূচ্যা লোহবিকারৈ র্ভিদ্যন্ত ইতি তানি তমাংসি তৈ র্নিবিড়ৈ রিত্যর্থঃ। সূচিভেদ্যং ঘনংবিদ্যাদিতিকোষঃ। চকারঃ পূর্ব্বাপেক্ষয়া ন কেবল মূর্ব্বীং দর্শয় তোয়োৎসর্গস্তনিতমুখরশ্চ মা ভূর্মা ভবিষ্যসি তোয়স্য পানীয়স্য উৎসর্গো বিসর্গঃ স্তনিতং গর্জ্জিতং তোয়োৎ সর্গশ্চ স্তনিতঞ্চ তাভ্যাং মুখরো বাচালঃ।কুতোহং উর্ব্বীং প্রকাশয়ামীতি মেঘাশয়মভিপ্রেত্যাহ যত স্তা যোষিতো বিক্লবাঃ কাতরাঃ। ৩৯ ॥

ভাষা।

পূর্ব্বোক্ত উজ্জয়নীনগরে ঝিল্লীরব শালীনী মধ্য যামিনী সময়ে সূচিভেদ্য গাঢ় ধ্বস্তাবগুণ্ঠিত রাজপথে নিজ প্রিয় কামিজনের সাঙ্কেতিক রমণ গৃহ গামিনী কাতর কামিনীগণের সগর্জ্জন বারি বর্ষণ পূর্ব্বক কনক ঘর্ষণ রুচিরকান্তি সৌদামিনীদ্বারা পথ দর্শন করাইবে। ৩৯

মূল।

তাংকস্যাঞ্চিদ্ভবন বডভৌ সুপ্তপারাবতায়াং নীত্বা রাত্রিং চিরবিলসনাৎ খিন্নবিদ্যুৎকলত্রঃ। দৃষ্টে সূর্য্যে পুনরপি ভবান্‌বাহয়েদধ্বশেষং মন্দায়ন্তে ন খলু সুহৃদা মভ্যুপেতার্থকৃত্যাঃ ॥ ৪০ ॥

টীকা।

হে মেঘ সূর্য্যে দৃষ্টে সতি প্রভাত সময়ে ইতিযাবৎ ভবান্ পুনরপি বাহয়েৎ গময়েৎ যাস্যতীতার্থঃ। কিং কৃত্বা কস্যাঞ্চিদ্ভবন বড ভৌ গৃহোপরি স্থিতদারুণি তাং রাত্রিং নীত্বা যাপয়িত্বা কিম্ভূতায়াং সুপ্তপারাবতায়াং সুপ্তাঃ পারাতাঃ কপোতা যস্যাং কিম্ভূতো ভবান্ চিরবিলসনাৎ চিরকাল ক্রীড়নাৎ খিন্নবিদ্যুৎকলত্রঃ। খিন্নং দীনং বিদ্যুদেবকলত্রং ভার্য্যা যস্য। কলত্রং শ্রোণিভার্য্যয়োরি ত্যমরঃ নন্বধ্বশেষং পুনরপি কথং যাস্যামীতি মেঘাভিপ্রায়মাশঙ্ক্যাহ খলু নিশ্চিতং সুহৃদাং মিত্রাণাং অভ্যুপেতার্থ কৃত্যাঃ অঙ্গীকৃত প্রয়োজন ক্রিয়া ন মন্দায়ন্তে ন বিরামং প্রাপ্নুবন্তি অতঃ মম মিত্রস্য প্রয়োজনার্থিনা ত্বয়া গন্তব্যং॥ ৪০॥

ভাষা।

হে মেঘ সেই উজ্জয়নীনগরে গৃহোপরিস্থিত সুপ্ত পারাবত যুত কাষ্ঠফলকমধ্যে স্থিতি পূর্ব্বক যামিনী যাপন করিয়া প্রভাত সময়ে পুনর্ব্বার অবশিষ্ট পদবীতে শীঘ্র গমন করিবে, যেহেতু তোমার নানাস্থানে চিরবিলাস প্রযুক্ত বিদ্যুল্লতা সকলে পতি বিরহে অতি কাতরা হইয়াছে, এবং মিত্রকার্য্যকরণে নিশ্চয় অঙ্গীকার করিলে কেহই তৎকর্ম্মের অন্যথা করেন না॥ ৪০

মূল।

তস্মিন্‌কালে নয়ন সলিলং যোষিতাং খণ্ডিতানাং শান্তিংনেত্রং প্রণয়িভি র্যতো বর্ম্ম ভানো স্ত্যজাশু। প্রালে আসং কমলনয়নাং সোপিহর্ত্তুং নলিন্যাঃ প্রত্যাবৃত্ত স্ত্বয়ি কররুধি স্যাদনল্পাভ্যসূয়ঃ ॥ ৪১ ॥

টীকা ॥

হে মেঘ তস্মিন্‌কালে সময়ে প্রাতঃকালে প্রণয়িভিঃ প্রেমা যুক্তৈ র্জনৈঃ খণ্ডিতানাং যোষিতাং স্ত্রীণাং নয়নসলিলং যতঃ কারণাৎ শান্তিং উপশমং নেয়ং প্রাপণীয়ং নীঞো মুখ্য কর্ম্মণো নয়ন স-লিলস্য উক্তত্বং। অতঃকারণাৎ আশু শীঘ্রং ভানোঃ সূর্য্যস্য বর্ম্ম মার্গং ত্যজ। ননুপ্রণয়িমঃ খণ্ডিতা নয়নজল মপনয়নন্তু সূর্য্যপথত্যা গেন কিংস্যা দত আহ সোপি ভানুঃ নলিন্যাঃ কমলনয়নাৎ প্রালে য়াস্রং হিমরূপনেত্রজলং হর্ত্তুং প্রত্যাবৃত্তঃ। ভানুবন্মন্যাপি দূষণ মাহ ত্বয়ি কররুধি কিরণ রোধকেসতি স ভানুঃ অনল্পাভ্যসূয়ঃস্যাৎ অনল্পা মহতী অভ্যসূয়া গুণেষু দোষারোপো যস্য। খণ্ডিতা লক্ষণং যথা। নিদ্রাকষায় মুকুলীকৃত তাম্রনেত্রা নারীনখব্রণ বিশেষ বিচি-ত্রিতাঙ্গঃ। যস্যাঃ কৃতে গৃহমুপৈতি পতিঃ প্রভাতে সা খণ্ডিতা নিগ দিতা কবিভিঃ পুরাণৈঃ ॥ ৪১ ॥

ভাষা।

তৎ প্রভাত সময়ে নিদ্রাবিরহে মুকুলিত তাম্রনেত্রা

পতি বিরহাকুলা খণ্ডিতা ললনার নয়নজল খণ্ডন, প্রণয়িজনের যেহেতু অবশ্য কর্ত্তব্য হইয়াছে, অতএব তুমি সূর্য্য পথাবরোধ করিও না, যেহেতু সূর্য্য ও নিজকামিনী কমলিনীর হিম রূপ নয়নজল অপহরণার্থ প্রবৃত্ত হইয়া ছেন, তৎপথাবরোধ করিলে তাঁহার মহতী অসূয়া হইবে ॥ ৪১ ॥

মূল।

গম্ভীরায়াঃ পয়সি সরিত শ্চেতসীব প্রসন্নে ছায়াত্মাপি প্রকৃতিসুভগো লপ্স্যতে তে প্রবেশং। তস্মাদস্যাঃ কুমুদ বিশদান্যর্হসি ত্বং ন ধৈর্য্যান্মোঘীকর্ত্তুং চটুলসফরোদ্বর্ত্তন প্রেক্ষিতানি ॥৪২ ॥

টীকা।

হে মেঘ যস্মাৎ গম্ভীরায়াঃ সরিতোনদ্যাঃ পয়সি তে তব ছায়াত্মাপ্রতিবিম্বঃ প্রবেশং লপ্স্যতে কিম্ভূতে প্রসন্নে নির্ম্মলে চেতসীব চিত্ততুল্যে। কিম্ভূতঃ প্রকৃতি সুভগঃ স্বভাবমনোহরঃ। তস্মাদেবকারণাৎ অস্যা গম্ভীরায়া শ্চটুল সফরোদ্বর্ত্তন প্রেক্ষিতানি চটুল সফরাণাং চঞ্চল ক্রীড়ীনা মুদ্বর্ত্তনা ইতস্ততো গমনানি তান্যেব প্রেক্ষিতানি দর্শনানি ধৈর্য্যাদ্ধীরত্বেন ওঘীকর্ত্তুং নিষ্ফলীকর্ত্তুং নার্হসি যোগ্যো ন ভবসি কিম্ভূতানি কুমুদ বিষদানি কৈরববৎশুভ্রাণি। ৪২

ভাষা।

হে মেঘ গমন সময়ে নদী সকলের সাধুজন চিত্ততুল্য নির্ম্মল গভীর নীরমধ্যে তোমার প্রকৃতি মনোহর প্রতিবিম্ব প্রবিষ্ট হইলে কুমুদ কুসুম সদৃশ শুক্লবর্ণ চঞ্চল পোষ্ঠী মৎস্যাদিগের ইতস্ততো গমনাগমন নিরীক্ষণকে তুমি ব্যর্থ করিও না যেহেতু তুমি অশেষ গুণসাগর ধীরবর হইয়াছ ॥ ৪২ ॥

মূল।

তস্যাঃকিঞ্চিৎ করধৃতমিব, প্রাপ্তবানীরশাখং হৃত্বা নীলং সলিলবসনং মুক্তরোধো নিতম্বং । প্রস্থানংতে কথমপি সখে লম্বমানস্য ভাবি জ্ঞাতাস্বাদঃ পুলিন জঘনাংকো বিহর্ত্তুং সমর্থঃ ॥ ৪৩ ॥

টীকা।

হে মেঘ তস্যা গম্ভীরায়াঃ নীলং কৃষ্ণং সলিলবসনং জলরূপ বস্ত্রং তৎহৃত্বা গৃহীত্বা তে তব প্রস্থানং গমনং কথমপি কষ্ট সৃষ্টেন ভাবি ভবিষ্যতি তব কিম্ভূতস্য লম্বমানস্য সলিলবসনং কিম্ভূতং প্রাপ্তবানীরশাখং প্রাপ্তা লব্ধা বানীরাণাং শাখা যেন তত্তথা। রথাভ্রপুষ্পাবিদুল শীতবাণীর বঞ্জুলা ইত্যমরঃ । কিঞ্চিৎ হেলয়া

করধৃতমিব নাধিকয়া হস্তেন গৃহীতমিব পুনঃ কিম্ভূতং মুক্তরোধো নিতম্বং মুক্তস্ত্যক্তঃ রোধস্তীররূপো নিতম্বো যেন ননুকথং কথমপি গমনং ভবিষ্যতীতি প্রতিবন্ধকাভাবাৎ। ইতি মেঘাশয়মাশঙ্ক্যাহ কোজনঃ জ্ঞাতাস্বাদঃ জ্ঞাতোবিদিত আস্বাদোযেন তাদৃশঃ সন্ পুলিন জঘনাং পুলিনমেব জঘনং যস্যাস্তাং তথা পৃথুজঘনাং বিহাতুং ত্যক্তুং সমর্থঃ। অপিতুন কোপি ইত্যর্থঃ। ৪৩।

ভাষা।

হে মেঘ কামিনীরূপা তরঙ্গিণীর কৃষ্ণবর্ণ জলতুল্য যে নীলনিচোল, তীরস্বরূপ বিস্তৃত জঘনদেশ হইতে নীচ পতিত হইয়াছে সেই জলরূপ বসন তুমি লম্বমান হইয়া বানীর তরুশাখা সদৃশ নিজকর শাখাদ্বারা আহরণ করিয়া অতিকষ্টে প্রস্থান করিবে, যেহেতু আস্বাদ প্রাপ্ত হইয়া বিশাল জঘনা নিতম্বিনীকে কোন্‌জন ত্যাগ করিতে পারে। ৪৩।

মূল।

ত্বন্নিস্যন্দোচ্ছ্বসিত বসুধা গন্ধ সম্পর্কপুণ্যঃ স্রোতোরন্ধ্রধ্বনিত সুভগং দন্তিভিঃ পীয়মানঃ। নীচৈর্বাস্যত্যুপজিগমিষো র্দেব পূর্ব্বং গিরিংতে শীতো বায়ুঃ পরিণময়িতা কাননোডুম্বরাণাং ॥ ৪৪ ॥

টীকা।

হে মেঘ তে তব সম্বন্ধে বায়ুর্নীচৈর্ম্মন্দং বাস্যতি গমিষ্যতি তব কিম্ভূতস্য দেবপূর্ব্বং গিরিং উপজিগনিষোঃ উপগন্তুমিচ্ছোঃ দেবঃ পূর্ব্বোযস্যতং ভগবতঃ কার্ত্তিকেয়স্য নিবাসস্থানমচলঃ তং বায়ুঃ কিম্ভূতঃ ত্বন্নিস্যন্দোচ্ছ্বসিত বসুধা গন্ধ সম্পর্ক পুণ্যঃ ত্বন্নিস্যন্দেন তব জল স্রবণেন উচ্ছ্বসিতা সুস্থা যা বসুধা পৃথিবী তস্যা গন্ধ সম্পর্কেণ পুণ্যঃ উত্তমঃ পুনঃ কিম্ভূতঃ স্রোতোরন্ধ্রেণ করবিবরেণ ধ্বনিতং শব্দিতং যথাস্যাত্তথা দন্তিভিঃ করিভিঃ পীয়মানঃ আঘ্রায়মাণঃ পুনঃ কিম্ভূতঃ শীতঃ শৈত্যগুণযুক্তঃ তথা কাননোডুম্বরাণাং বনোডুম্বরাণাং পরিণময়িতা পাচয়িতা। ৪৪।

ভাষা।

হে মেঘ দেবগিরি সন্নিধানে গমনকালে বর্ষণ জল দ্বারা সুস্থিরা বসুমতী হইতে উত্থিত সদ্গন্ধযুক্ত শীতল সমীরণ তোমারপ্রতি মন্দ২ বহন করিবেন, যে বায়ু করি নিকরের শব্দায়মান সচ্ছিদ্র শুণ্ডদ্বারা আঘ্রাত হইয়াছেন এবং যে বায়ুদ্বারা অরণ্যস্থ উডুম্বরবৃক্ষের ফল সকল পরিণত হইতেছে। ৪৪

———

মূল।

তত্র স্কন্দং নিয়তবসতিং পুষ্পমেঘীকৃতাত্মা পুষ্পাসারৈঃ স্নপয়তু ভবান্ ব্যোমগঙ্গাজলার্দ্রৈঃ। রক্ষাহেতো

র্নবশশিভৃতা বাসবীনাঞ্চমূলা মত্যাদিত্যং হুতবহমুখে সম্ভৃতং যদ্ধিতেজঃ ॥ ৪৫ ॥

টীকা।

হে মেঘ তত্র গিরৌ ভবান্ পুষ্পাসারৈঃ পুষ্পযুক্ত ধারাভিঃ স্কন্দং কার্ত্তিকেয়ং স্নপয়তু। কিম্ভূতৈঃ ব্যোমগঙ্গাজলার্দ্রৈঃ আকাশ গঙ্গাজলস্নিগ্ধৈঃ।স্কন্দং কিম্ভূতং নিযতবসতিং নিয়তা নিশ্চিতা বসতির্যস্য। ভবান্ কিম্ভূতঃ পুষ্পমেঘীকৃতাত্মা অপুষ্পমেঘঃ পুষ্প মেঘঃ কৃত আত্মা শরীরং যেন সঃ ননু কথং স্কন্দং স্নপয়ামি ইতি মেঘ বাক্য মাশঙ্ক্যাহ নবশশিভৃতা শিবেন হি যস্মাৎ কারণাৎ তত্তেজঃ স্কন্দরূপং জ্যোতিঃ হুতবহমুখে অগ্নিমুখে সংভৃতং অর্পিতং। কিম্ভূতং অত্যাদিত্যং অতিক্রান্ত আদিত্যোরবির্যেন তত্তথা আদিত্যা দপি তেজস্বীতিভাবঃ। কিমর্থং নিক্ষিপ্তং বাসবীনাং ইন্দ্র সম্বন্ধীনাং চমূনাং সেনানাং রক্ষাহেতোঃ পালনার্থং ॥ ৪৫ ॥

ভাষা।

হে মেঘ পূর্ব্বোক্ত পর্ব্বতমধ্যে সদা নিবাসি কার্ত্তিক দেবকে তুমি আকাশ গঙ্গাসলিল স্নিগ্ধ কুসুমসদৃশ নিজ দেহ নিঃসৃতধারাদ্বারা অভিষেক করিবে, ইন্দ্রসেনা রক্ষার্থ অগ্নি মুখেতে ক্ষিপ্ত মহাদেবের দুঃসহ প্রচণ্ড মার্ত্তণ্ড তেজোধিক তেজ হইতে যে কার্ত্তিকেয়ের জন্ম হইয়াছে। ৪৫।

মূল।

জ্যোতির্লেখা বলয়ি গলিতং যস্য বর্হং ভবানী পুত্র প্রেম্না কুবলয়দলপ্রাপি কর্ণে করোতি। ধৌতাপাঙ্গং হর শশিরুচাপ্যায়য়েস্তং ময়ূরং পশ্চাদদ্রি গ্রহণ গুরুভি গর্জ্জিতৈ নর্ত্তয়েথাঃ ॥ ৪৬ ॥

টীকা॥

হে মেঘ ত্বং ময়ূরং স্কন্দবাহনং আপ্যায়য়েঃ স্ফীতং করিষ্যসি বৃষ্ট্যা তোষয়িষ্যসীত্যর্থঃ ॥ পশ্চাত্তোষানন্তরং অদ্রিগ্রহণ গুরুভি অদ্রেগ্রহণং পর্ব্বত গহ্বরস্যাভিব্যাপনং তজ্জন্য প্রতিশব্দেন মহদ্ভিঃ ধ্বনিভি গর্জ্জিতৈর্নর্ত্তয়েথাঃ নর্ত্তযিষ্যসি যস্য ময়ূরস্য গলিতং বর্হং পুচ্ছং ভবানীপুত্রপ্রেম্না পুত্রস্নেহেন কর্ণেকরোতি। কিম্ভূতং বর্হং জ্যোতির্লেখাদীপ্তিশ্রেণীতস্যা বলয়ং সমূহো অস্যাস্তীতি তৎ। কর্ণে কিম্ভূতে কুবলয়দলপ্রাপি কুবলয়স্য দলং পত্রং প্রাপ্নোতীতিস্মিপ্ তক্বিন্ যদ্বা কুবলয়দলপ্রাপিকর্ণে ইতোকং পদং কুবলয়দলং প্রাপ্তুং শীলং যস্যোতিণিন্‌সচাসৌ কর্ণশ্চেতি কিম্ভূতং ময়ূরং হরশশিরুচা ঈশ্বর শিরশ্চন্দ্রিকয়া ধোতাপাঙ্গং শুভ্রাপাঙ্গং ॥ ৪৬

ভাষা।

হে মেঘ ভব মনোহারিণী ভবানী কুবলয়দলতুল্য নিজকর্ণে যে ময়ূরের বিচিত্র মনোহর গলিত পুচ্ছ পুত্র

স্নেহ প্রযুক্ত ধারণ করিয়াছেন, প্রথমতঃ বর্ষণদ্বারা সেই ময়ূরকে তুষ্ট করিবে, পশ্চাৎ নিজ গর্জ্জনদ্বারা নর্ত্তন করাইবে, যে গর্জ্জন পর্ব্বত গুহামধ্যে প্রবিষ্ট হইয়া প্রতিধ্বনিদ্বারা গভীর গুরুতর হইয়াছে । ৪৬ ।

মূল ।

আরাধ্যৈনং শরবনভবং দেবমুল্লঙ্ঘিতাধ্বা সিদ্ধদ্বন্দ্বৈর্জলকণভয়াদ্বীণিভির্দত্তমার্গঃ । ব্যালম্বেথাঃ সুরভিতনয়ালম্ভজাং মানয়িষ্যন্ স্রোতোমূর্ত্ত্যা ভুবি পরিণতাং রন্তিদেবস্য কীর্ত্তিং ॥ ৪৭ ॥

টীকা ॥

হে মেঘ এনং শরবনভবং দেবংআরাধ্য স্রোতোমূর্ত্ত্যা নদীস্বরূপেণ ভুবি পৃথিব্যাং পরিণতাং সম্পন্নাং রন্তিদেবস্য রাজবিশেষস্য কীর্ত্তিংগোমতীং ব্যালম্বেথাঃ । কিম্ভূতাং সুরভি তনয়ানাংগবাং আলম্ভো মারণংতজ্জাতাং উৎপন্নাং পুরা কিল রন্তিদেবেন গোমেধ যজ্ঞায় গাবো মারিতা স্তেষাং রক্তে গোমতীনদী জাতেতি পৌরাণিকী গাথা ।ত্বংকিম্ভূতঃ মানয়িষ্যন্ সম্মানয়িষ্যন্ পুনঃ কিম্ভূতঃ সিদ্ধদ্বন্দ্বৈ সিদ্ধস্ত্রী পুরুষৈ র্বীণিভির্বীণাযুক্তৈ র্জ্জলকণভয়াৎ দত্তমার্গঃ ত্যক্তপথঃ । দত্তস্ত্যক্তঃমাগঃ পন্থা যস্য পুনঃ কিম্ভূতঃ উল্লঙ্ঘিতাধ্বা উল্লঙ্ঘিত অতিক্রান্তোহধ্বা মার্গোযেন ॥ ৪৭ ॥

ভাষা।

হে মেঘ এই শরবনভব কার্ত্তিকেয় দেবকে আরাধনা করিয়া নানাস্থান অতিক্রমণ পূর্ব্বক গোমতী নদীকে অবলম্বন করিবে, যে গোমতী রন্তিদেব নৃপতির গোমেধ যজ্ঞকালে গোরক্তদ্বারা উৎপন্না হইয়াছেন, অতএব রন্তিদেবের শাশ্বতী কীর্ত্তিরূপা বলাযায়, এবং বীণাহস্ত সিদ্ধ স্ত্রী পুরুষ সকলে জলকণা পতন ভয়প্রযুক্ত তোমার পথ প্রদান করিবেন। ৪৭।

মূল।

ত্বয্যাদাতুং জল মবনতে শার্ঙ্গিণো বর্ণচৌরে তস্যাঃ সিন্ধোঃ পৃথুমপি তনুং দূরভাবাৎ প্রবাহং। প্রেক্ষিষ্যন্তে গগণ গতয়ো নূনমাবর্জ্জ্য দৃষ্টী রেকং মুক্তাগুণমিব ভুবঃ স্থূলমধ্যেন্দ্রনীলং॥ ৪৮॥

টীকা।

হে মেঘ গগণগতয়ো দেবগন্ধর্ব্বসিদ্ধাঃ গগণেগতির্যেষাং তে অস্যাঃ সিন্ধোঃ গোমত্যাঃ প্রবাহং জলসমূহং পৃথুমপি মহান্তমপি দূরভাবাৎ তনুং সূক্ষ্মং প্রেক্ষিষ্যন্তে আলোকয়িষ্যন্তি নূনং নিশ্চিতং কিংকৃত্বা দৃষ্টীরাবর্জ্য কিমিদং ভুবঃপৃথিব্যাএকং শ্রেষ্ঠং

মুক্তাগুণমিব মুক্তাহারমিব কিম্ভূতং স্থূলমধ্যেন্দ্রনীলং স্থূলমধ্যে ইন্দ্রনীলং অযমর্থঃ গোমতী নির্ম্মলজলত্বেন সুভ্রা দূরস্থানাং মহদপ্যল্পতয়া প্রতিভাষতে ইতিভুবো হারযষ্টি রিবাবলোকিতব্যা ত্বঞ্চ কৃষ্ণত্বেন তদেকদেশাবতীর্ণঃ নীলকান্তমণি রিব প্রেক্ষিতব্যোঽসি কুসতি ত্বয়িভবতি জলং অর্থাত্তস্যা জলং আদাতুং গৃহীতুং অবনতে নম্রেসতি কিম্ভূতে ত্বয়ি ।সার্ঙ্গিণঃ শ্রীকৃষ্ণস্য যোবর্ণঃ কৃষ্ণবর্ণঃ তস্য চৌরে অপহারকে নিবিড় কৃষ্ণবর্ণে ইতিযাবৎ ॥ ৪৮ ॥

ভাষা ।

হে মেঘ তুমি যেহেতু শ্যামসুন্দর শ্রীকৃষ্ণের নীলকান্ত মণিতুল্য বর্ণের সদৃশ ছবিযুক্ত হইয়াছ, অতএব ঐ গোমতী নদীর স্ফটিকসম শুভ্র নির্ম্মল জল গ্রহণার্থ ঐ নদীর একদেশে নম্রীভূত হইলে অতি দূরস্থ গগণচর দেব গন্ধর্ব্ব সিদ্ধগণ সকলে বিস্তৃত নয়নদ্বারা গোমতীর অতি গম্ভীর নীর নিচয় হইলেও সূক্ষ্মরূপে বসুমতীর নীলকান্ত মণিমধ্য মুক্তাহার স্বরূপ দর্শন করিবেন । ৪৮ ।

মূল ।

তামুত্তীর্য্য ব্রজ পরিচিত ভ্রূলতা বিভ্রমাণাং পক্ষ্মোৎক্ষেপাদুপরি বিলসৎ কৃষ্ণসার প্রভাণাং । কুন্দক্ষেপানুগমধুকর শ্রীযুষামাত্মবিম্বং পাত্রীকুর্ব্বন্ দশপুর বধূনেত্র কৌতূহলানাং । ৪৯ ।

টীকা।

হে মেঘ তাং গোমতীমুত্তীর্য্য ব্রজ গচ্ছ ত্বং কিম্ভূতঃ আত্মবিম্বং স্বকীয় প্রকৃতিং দশপুরবধূ নেত্রকৌতূহলানাং পাত্রীকুর্ব্বন্ দশ পুরং নাম নগরবিশেষঃ তস্যবধূনাং নেত্রাণাং যানি কৌতূহলা নি তেষাং। কিম্ভূতানাং পরিচিতভ্রূলতা বিভ্রমাণাং। ননু কৌতূহ- লং ধর্ম্ম স্তস্যোদৃশং বিশেষণং কথং সঙ্গচ্ছতে উচ্যতে সবিশেষণ মিতিন্যায়াৎ বধূনামেব তদ্বিশেষণ মাস্তাং যদ্বা পরিচিতঃ পরিসর্ব্ব তো ভাবেন চিত উপচিতঃ ভ্রূলতা বিভ্রমো যেষু তেষাং। পুনঃ উপ রি উর্দ্ধং পক্ষ্মণ উৎক্ষেপাৎ বিলাসবান্ কৃষ্ণসারঃ তৎপ্রভাযুক্তা নাং এবং পুনঃ কুন্দস্য ক্ষেপঃ প্রেরণং অনুগচ্ছন্তি যে ভ্রমরা স্তেষাং যা শ্রীঃ শোভা তদ্দুক্তানাং॥ ৪৯॥

ভাষা।

হে মেঘ গোমতীনদী উত্তীর্ণ হইয়া গমনকালে আ- ত্ম প্রতিবিম্বকে দশপুরনামক নগরের কুলবধূদিগের ভ্রূভ ঙ্গিযুক্ত নেত্রকুতূহলের পাত্রীভূত করিয়া গমন করিবে, যে নেত্র কুতূহল নয়ন পক্ষ্মের উর্দ্ধ ক্ষেপহেতু কৃষ্ণসারের প্রভাযুক্ত হইয়াছে, এবং কুন্দ কুসুমোপরি উপবিষ্ট মধু করের শোভাশালি হইয়াছে। ৪৯।

মূল।

ব্রহ্মাবর্ত্তং জনপদ মধশ্ছায়য়া গাহমানঃ ক্ষেত্রং ক্ষ- ত্র প্রধন পিশুনং কৌরবং তদ্ভজেথাঃ। রাজন্যানাং শি-

ত শরশতৈর্যত্র গাণ্ডীবধন্বা ধারাপাতৈস্ত্বমিব কমলান্য ভ্যষিঞ্চ ন্মুখানি ॥ ৫০ ॥

টীকা ।

হে মেঘ তৎ প্রসিদ্ধং কৌরবং ক্ষেত্রং ভজেথাঃ । ত্বং কিম্ভূতঃ ব্রহ্মাবর্ত্তং জনপদং ব্রহ্মাবর্ত্তনামানং দেশং অধশ্ছায়য়া গাহমানঃ ক্ষেত্রং কিম্ভূতং ক্ষত্রপ্রধন পিশুনং ক্ষত্রিয়াণাং রাজ্ঞাং প্রধনেন যুদ্ধেন পিশুনং বিষমং যত্র গাণ্ডীবধন্বা অর্জুনঃ রাজন্যানাং ক্ষত্রিযাণাং মুখানি শিতশরশতৈ স্তীক্ষ্ণবাণশতৈর্ধারাপাতৈঃ বৃষ্টি জল পাতরূপৈ অভ্যষিঞ্চৎ অভিষিক্তবান্ ত্বং কমলানীব ॥ ৫০ ॥

ভাষা ।

হে মেঘ তুমি ব্রহ্মাবর্ত্তদেশ প্রাপ্ত হইয়া অধস্থিত চ্ছায়াপাতদ্বারা তদ্দেশস্পর্শন পূর্ব্বক কুরুক্ষেত্রনামক অতি প্রসিদ্ধস্থানে গমন করিবা, যে কুরুক্ষেত্রে গাণ্ডীব ধন্বা অর্জ্জুন, ত্বদীয় জলধারাতুল্য শানিত শত শত শর ধারাদ্বারা নৃপতি সমূহের বদনকমলকে অভিষিক্ত করিয়াছিলেন, এবং যে স্থান বহুলতর ক্ষত্রিয়বিনাশদ্বারা অতি পিশুন হইয়াছে । ৫০ ।

মূল ।

হিত্বা হালা মভিমতরসাং রেবতীলোচনাঙ্কাং বন্ধুপ্রীত্যা সমরবিমুখো লাঙ্গলী য়াঃ সিষেবে । কৃত্বা তা

ন্না মধিগম মপাং সৌম্য সারস্বতীনা মন্তঃশুদ্ধ স্ত্বমসি ভবিতা বর্ণমাত্রেণ কৃষ্ণঃ ।। ৫১ ।।

টীকা ॥

হে সৌম্য হে মেঘ তাসাং সারস্বতীনা মপাং অভিগমনং প্রবেশং কৃত্বা ত্বং অন্তঃশুদ্ধোভবিতাসি তাসাং কাসাং যত্রাপঃ লাঙ্গলী বলরামঃ সিষেবে পীতবানিত্যর্থঃ। কিং কৃত্বা হালাং মদিরাং হিত্বা ত্যক্ত্বা হালাং কিম্ভূতাং অভিমত রসাং অভিমতো বাঞ্ছিতো রসোযস্যাঃ। সুরাহলিপ্রিয়াহালা ইত্যমরঃ। পুনঃ কিম্ভূতাং রেবতীলোচনাঙ্কাং রেবত্যাঃ স্বভার্য্যায়াঃ লোচনয়োরঙ্কং যৎ প্রতিবিম্বং তদ্যুক্তাং তয়াসহ একচসকেন মধুপানাৎ। স কিম্ভূতঃ বন্ধুপ্রীত্যা বন্ধু স্নেহেন সমরে রণে বিমুখঃ পুরা কিল বলরামঃ কুরু পাণ্ডবযুদ্ধে প্রবৃত্তে তীর্থযাত্রাব্যাজেন যুদ্ধং বিহায় সরস্বতীনদী তীরে তপশ্চচারেতি পুরাণবার্ত্তা। ত্বং বর্ণমাত্রেণ কৃষ্ণবর্ণ ইর্থঃ।৫১

ভাষা।

হে মেঘ তুমি সরস্বতীনদীর জল প্রবিষ্ট হইয়া বাহ্যে কৃষ্ণবর্ণ হইয়াও অন্তরে নির্ম্মল হইবে, এক পাত্রে কাদম্বরী পানকালীন রেবতীর নয়ন প্রতিবিম্বিত বাঞ্ছনীয় রসযুক্ত যেসুরা তাহা পরিত্যাগ করিয়া হলাযুধ যে সরস্বতীর জলপান করিয়াছিলেন; এবং কুরু পাণ্ডব

যুদ্ধকালে তীর্থযাত্রাচ্ছলে যে সরস্বতীতীরে বলদেব তপস্যা করেন ।৫১।

মূল।

তস্মাদ্গচ্ছেরনু কনখলং শৈলরাজাবতীর্ণাং জহ্নোঃ কন্যাং সগর তনয় স্বর্গসোপান পংক্তিং। গৌরীবক্ত্ৰ ভ্রুকুটি রচনাং যা বিহস্যেব ফেনৈঃ শম্ভোঃ কেশগ্রহণ মকরোদিন্দু লগ্নোর্ম্মিহস্তা ॥ ৫২ ॥

টীকা।

হে মেঘ তস্মাৎ ব্রহ্মাবর্ত্তাদনু পশ্চাৎ কনখলং কনখলদেশং লক্ষীকৃত্য জহ্নোঃ কন্যাং গঙ্গাং গচ্ছেঃ কিম্ভূতাং শৈলরাজাবতীর্ণাং শৈলানাং রাজা হিমালয়স্তস্মাদবতীর্ণাং। পুনঃ কিম্ভূতাং সগর তনয়স্বর্গ সোপানপংক্তিং সগরতনয়ানাং স্বর্গ গমনায় সোপান পংক্তিং ইব উৎপ্রেক্ষায়াং। যা গঙ্গা শম্ভোঃ কেশগ্রহণং জটাস্পর্শনমকরোৎ কিং কৃত্বা গৌরীবক্ত্ৰ ভ্রুকুটি রচনাং ফেনৈর্বিহস্য হসিত্বা কিম্ভূতা ইন্দুলগ্নোর্ম্মিহস্তা ইন্দৌচন্দ্রে লগ্না উর্ম্মিরেব হস্তো-যস্যাঃ সাঃ ॥ ৫২

ভাষা।

হে মেঘ তুমি ব্রহ্মাবর্ত্তদেশ অতিক্রমণ পূর্ব্বক কনখলদেশীয় জাহ্নবী প্রাপ্ত হইবে, যে ত্রিলোকপাবনী

গঙ্গা হিমালয় হইতে অবতীর্ণা হইয়াছেন, এবং যিনি সগর রাজের ষষ্টি সহস্র সন্তানের স্বর্গগমন সোপান ভূতা, এবং গঙ্গাধরের জটাজূটমধ্যে কল্লোলবতী, ও ফেনরূপহাস্যদ্বারা ভগবতীর মুখচন্দ্রভ্রূকুটি রচনা কারিণী, তথা চন্দ্রশেখরের শিরস্থিত চন্দ্রকলামধ্যে যিনি তরঙ্গরূপ হস্তার্পণ করিয়াছেন। ৫২।

মূল।

তস্যাঃপাতুং সুরগজইব ব্যোম্নিপূর্ব্বার্দ্ধলম্বী ত্বঞ্চেদচ্ছ স্ফটিক বিষদং তর্কয়ে স্তীর্য্যগম্ভঃ। সংসর্পন্ত্যাঃ সপদি ভবতঃ স্রোতসি চ্ছায়য়াসৌ স্যাদস্থানোপগতযমুনা সঙ্গমে নাভিরামা॥ ৫৩॥

টীকা।

হে মেঘ তস্যা গঙ্গায়া অম্ভোজলং পাতুং তীর্য্যক্বক্রীভূয় ব্যোম্নি আকাশে পূর্ব্বার্দ্ধলম্বীচে ত্বদা তর্কয়ে তকয়িষ্যামি কইব সুরগজ ইব। অম্ভঃ কিম্ভূতং অচ্ছস্ফটিকবিষদং নির্ম্মলস্ফটিকবৎ শুভ্রং। তস্যাঃ কিম্ভূতায়াঃ সংসর্পন্ত্যাঃ কিং তর্কয়িষ্যামীত্যাহ সাগঙ্গা ভবতশ্ছায়য়া স্রোতসি স্রোতোবচ্ছেদে সপদিতৎক্ষণাৎ অস্থানোপগত যমুনাসঙ্গমেন অভিরামা স্যাৎ। অস্থানে উপগতা মিলিতা য়া যমুনা তস্যাঃ সঙ্গমেন অভিরামা মনোরমা। ৫৩॥

ভাষা ।

হে মেঘ তুমি ভাগীরথীর স্ফটিকতুল্য স্বচ্ছপানীয় পানেচ্ছু হইয়া গগণে বক্রীভূত স্বশরীর পূর্ব্বার্দ্ধ লম্বায়মান করিলে তোমার নিবিড় শ্যামল প্রতিবিম্বের গঙ্গাজলে পতনদ্বারা এতাদৃশ বোধ হইবে যে যেস্থানে কালিন্দীসঙ্গ সম্ভাবনা নাই তথায় ও যমুনাসঙ্গ প্রযুক্ত গঙ্গা অতি নয়ন সুভগা হইয়াছেন ইহা বিতর্ক করি । ৫৩ ।

মূল ।

অসীনানাং সুরভিতশিলং নাভিগন্ধৈ র্মৃগাণাং তস্যাএব প্রভব মচলং প্রাপ্য গৌরং তুষারৈঃ । বক্ষস্যধ্ব শ্রম বিলয়নে তস্যশৃঙ্গে নিষণ্ণঃ শোভাং শুভ্র ত্রিনয়ন বৃষোৎ খাতপঙ্কোপমেয়াং ॥ ৫৪ ॥

টীকা ।

হে মেঘ তস্যা গঙ্গায়াঃ প্রভবং উৎপত্তিস্থানং অচলং হিমালয়ং প্রাপ্য অধ্বশ্রম বিনাশায় পথশ্রমং দূরীকর্ত্তুং তস্যহিমালয়স্য শৃঙ্গে নিষণ্ণঃ শুভ্র ত্রিনয়ন বৃষোৎ খাত পঙ্কোপমেয়াং শোভাং বক্ষ্যসি ধাস্যসি শুভ্রেণ ত্রিনয়নস্য বৃষেণ উৎখাতিতো যঃ পঙ্কস্তেন উপমেয়াং অচলং কিম্ভূতং আসীনানাং উপবিষ্টানাং মৃগাণাং নাভিগন্ধৈঃ কস্তূরিকাগন্ধৈঃ সুরভিতা শিলাযস্য তং পুনঃ কিম্ভূতং

তুষারৈর্হিমৈঃ গৌরং হিমালয়স্য বৃষেণ শৃঙ্গলগ্নপঙ্কেন মেঘস্য সাম্যং ॥ ৫৪ ॥

ভাষা।

হে মেঘ স্বচ্ছস্ফটিকতুল্য শুক্লবর্ণ, ও সুশীতল ঘন ছায়াযুক্ত বৃক্ষমণ্ডলীমণ্ডিত দেশে উপবিষ্ট মৃগগণের নাভি গন্ধদ্বারা সুরভি, ভাগীরথীর উৎপত্তিস্থান, যে হিম গিরি তাঁহার শৃঙ্গমধ্যে পথশ্রমের অপনোদন নিমিত্ত উপবেশন করিয়া গঙ্গাধরের শুভ্রবৃষশৃঙ্গলগ্ন উৎখাতিত পঙ্কের শোভাধারণ করিবে। ৫৪।

মূল।

তঞ্চেদ্বাযৌ সরতি সরলস্কন্ধ সংঘট্টজন্মা বাধেতো ল্কাক্ষয়িতচমরী বালভারোদবাগ্নিঃ। অর্হস্যেনং শময়িতুমলং বারিধারা সহস্রৈ রাপন্নার্ত্তি প্রশমনফলাঃ সম্পদো হ্যুত্তমানাং ॥ ৫৫॥

টীকা।

হে মেঘ তং হিমালয়ং চেৎযদি দবাগ্নির্বাধেত তদাএনং অগ্নিং অলং অত্যর্থং শময়িতুং ত্বমর্হসি কৈঃ বারিধারা সহস্রৈঃ। অগ্নিঃ কিম্ভূতঃ সরলস্কন্ধ সংঘট্টজন্মা সরলস্য বৃক্ষ বিশেষস্য স্কন্ধসংঘ-

ন্ধৈর শাখামূলঘর্ষণেন জন্মযস্য কদাবায়ৌ বহতি সতি।পুনঃ কিম্ভূতঃ উল্কয়াক্ষয়িতো নাশিতশ্চমরীণাং বালভারো যেন। কথমেবং করি-ষ্যামীতি মেঘাভিপ্রায়ে অর্থান্তরন্যাসমাহ হিয়স্মাৎ উত্তমানাং স-ম্পদঃ আপন্নার্ত্তি প্রশমন ফলাভন্তি। আপন্নানাং আপৎ প্রাপ্তানাং যা আর্ত্তিঃ পীড়াতস্যাঃ প্রশমন মেব শান্তিরেব ফলং প্রয়োজনং যেষাং তাঃ ॥ ৫৫ ॥

ভাষা।

হে মেঘ প্রচণ্ড সমীরণদ্বারা সরলবৃক্ষ স্কন্ধ ঘর্ষণজনিত দাবানল, হিমালয়ের যদি পীড়াদায়ক হয়, তবে তুমি সহস্র সহস্র বারিধারাদ্বারা তদগ্নি নির্ব্বাণ করিবে, যেহেতু সাধুজনের সম্পত্তির কেবল বিপদাপন্নব্যক্তির বিপদ্ভঞ্জনরূপই ফল হইয়াছে ॥ ৫৫ ॥

মূল।

যে ত্বাং মুক্তধ্বনি মসহনাঃ স্বাঙ্গভঙ্গায় তস্মিন্ দর্পোৎসেকাদুপরি শরভা লঙ্ঘয়িষ্যন্ত্যলঙ্ঘ্যং। তান্ কুর্ব্বীথাস্তুমুলকরকা বৃষ্টি হাসাবকীর্ণান্ কে বা নস্যুঃ পরিভবপদং নিষ্ফলারম্ভযত্নাঃ ॥ ৫৬ ॥

টীকা।

হে মেঘ তস্মিন্ গিরৌ যে শরভাঃ উপরিপাদাঃ পশুবিশেষাঃ-

দর্পোৎসেকাৎ দর্পাধিক্যাৎ মুক্তধ্বনিং অন্যেন কৃতং শব্দং অসহনা অসোঢ়ারঃ সন্ত উপরিস্থিতং ভবন্তং ত্বাং স্বাঙ্গভঙ্গায় স্বাবয়ব ভঙ্গনিমিত্তং লঙ্ঘয়িষ্যন্তি ত্বাং কিম্ভূতং অলঙ্ঘ্যং অনাক্রমণীয়ং ত্বং তান্ শরভান্ তুমুলকরকাবৃষ্টিহাসাবকীর্ণান্ কুর্ব্বীথাঃ করিষ্যসি তুমুলা মহতীকরকাবৃষ্টিঃ বর্ষোপলবৃষ্টিরেব হাস স্তেনাবকীর্ণান্ চূর্ণিতান্। বর্ষোপলস্তুকরকা ইত্যমরঃ॥ অর্থান্তরোপন্যাসমাহ। কেবা জনা নিষ্ফলারম্ভযত্নাঃ নিষ্ফলস্যারম্ভে যত্নোযেষাং তে তথা পরিভবপদং। পরাবভস্থানং নস্যুঃ পদং ব্যবসিতিত্রাণ স্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষ্বিত্যমরঃ॥ ৫৬

তাষা।

হে মেঘ সেই হিমগিরিমধ্যে ভয়ানক সিংহনাদ, হস্তীর বৃংহিতধ্বনি; শার্দূল বিরাব, ইত্যাদি নানা পশুর ভীষণরব শ্রবণে অসহিষ্ণু হইয়া উপরিপাদ শরভনামক প্রসিদ্ধ মহাবল পশু বলদর্পপ্রযুক্ত স্বাবয়ব ভঙ্গনিমিত্ত তুমি লঙ্ঘনযোগ্য না হইলেও তোমাকে লঙ্ঘন করিবে, সেই সকল শরভের তুমি হাস্যরূপ করকা বর্ষণদ্বারা অঙ্গভঙ্গ করিবে, যেহেতু নিষ্ফল যত্নশালী হইলে কোন্ ব্যক্তি পরাভব প্রাপ্ত না হয়। ৫৬।

মূল।

তত্রব্যক্তং দৃষদি চরণন্যাস মর্দ্ধেন্দুমৌলেঃ শশ্বৎ সিদ্ধৈ রুপহিতবলিংভক্তি নম্রঃ পরীয়াঃ। যস্মিন্‌দৃষ্টে করণ বিগমাদ্দূর মুদ্ধূতপাপাঃ কল্পন্তেস্য স্থিরগণপদ প্রাপ্তয়ে শ্রদ্ধধানাঃ॥ ৫৭॥

টীকা।

হে মেঘ তত্রগিরৌ অর্দ্ধেন্দুমৌলেঃ শিবস্য চরণন্যাসং ভক্তি নম্রঃসন্ ত্বং পরীয়াঃ প্রদক্ষিণী করিষ্যসি তত্র শিবপদং কথংজ্ঞাস্যামীতি মেঘাভিপ্রায়ে আহ দৃষদি প্রস্তরে ব্যক্তং পুনঃ কিম্ভূতং শশ্বৎ বারং২ সিদ্ধৈঃ সিদ্ধপুরুষৈঃ উপহিত বলিং উপহিতঃ প্রযুক্তোবলিঃ পূজাদ্রব্যংযস্মৈ তং। যস্মিন্ চরণন্যাসে দৃষ্টেসতি করণ বিগমাৎ ইন্দ্রিয়নিগ্রহাৎ দূরংযথাস্যাত্তথা উদ্ধূতপাপাঃ প্রতিহত কল্মষাঃসন্তঃ শ্রদ্ধধানাঃশ্রদ্ধাবন্তো জনা অস্যদেবস্য স্থিরগণপদ প্রাপ্তয়ে গণা ভৃঙ্গি প্রভৃতয়ঃ তেষাং পদং স্থানং তেষাং প্রাপ্তিঃ স্থিরা অব্যভিচারিণী চাসৌ গণপদ প্রাপ্তিশ্চেতি তস্যৈ তন্নিমিত্তং॥ কল্পন্তে সম্পদ্যন্তে যোগ্যা ভবন্তীত্যর্থঃ॥ ৫৭॥

ভাষা।

হে মেঘ পূর্ব্বোক্ত শিলামধ্যে ভগবচ্চন্দ্রশেখরের চারু চরণ নলিনচিহ্ন দর্শন করিয়া ভক্তি নম্র হইয়া প্রদক্ষিণ করিবে, যে চরণচিহ্ন সিদ্ধগণ সকলে নানা উপহার

দ্বারা পূজা করিতেছেন, এবং যে পদাঙ্ক দর্শনে নিষ্পাপ ও দমিতেন্দ্রিয় হইয়া জনসকল নন্দ্যাদি শিবগণের স্থির পদ প্রাপণ যোগ্য হয় ॥

মূল।

শব্দায়ন্তে মধুরমনিলৈঃ কীচকাঃ পূর্য্যমাণাঃ সংশক্তাভি স্ত্রিপুরবিজয়ো গীয়তে কিন্নরীভিঃ। নির্হ্রাদী তে মুরজইব চেৎ কন্দরেষু ধ্বনিঃ স্যাৎ সঙ্গীতার্থো ননুপশুপতে স্তত্র ভাবী সমগ্রঃ ॥ ৫৮ ॥

টীকা॥

হে মেঘ তত্র পর্ব্বতে শিবস্য সমগ্রঃ সঙ্গীতার্থোভাবী কথং ভবিষ্যতি অনিলৈঃ পূর্য্যমাণাঃ কীচকাঃ মধুরং শব্দায়ন্তে এতেন বংশধ্বনিঃ। কিন্নরীভিঃ ত্রিপুর বিজয়ো গীয়তে কিন্তু তাভিঃ সংশক্তাভিঃ কদা ভাবীত্যাহ চেদ্‌যদি তে তব ধ্বনিঃ কন্দরেষু নির্হ্রাদী স্যাৎপ্রতিশব্দ সম্বলিতোভবতি তদা। কইব মুরজইব মৃদঙ্গইব ।৫৮

ভাষা।

হে মেঘ মৃদঙ্গ ধ্বনিতুল্য তোমার নিনাদ, হিমালয় কন্দরমধ্যে প্রবিষ্ট হইলে মহাদেবের সঙ্গীত প্রয়োান সম্পূর্ণরূপে সিদ্ধ হইবে, যে পর্ব্বতে বংশ সকল ছিদ্র

মধ্যে অনিলপূর্ণ হইয়া মধুর শব্দায়মান হইয়াছে, কীন্ন রীগণ সকলে পরস্পর মিলিতা হইয়া ত্রিপুর বিজয়গান করিতেছে। ৫৮।

মূল।

প্রালেয়াদ্রে রুপতট মতিক্রম্য তাং স্তান্ বিশেষান্ হংসদ্বারং ভৃগুপতিযশো বর্ত্ম য়ৎ ক্রৌঞ্চরন্ধ্রং। তেনো দীচীং দিশ মনসরে স্তির্য্যগায়ামশোভি শ্যামঃ পাদো ব লিনিয়মনাভ্যুদ্যতস্যৈব বিষ্ণোঃ॥ ৫৯॥

টীকা।

হে মেঘ প্রালেয়া দ্রেহির্মালযস্য উপতটং তট সমীপে তান্ তান্ বিশেষান্ পূর্ব্বোক্তান্ নদী পর্ব্বতানতিক্রম্য যৎক্রৌঞ্চ রন্ধ্র মস্তি তেনোদীচীং দিশ মনুসরেঃ গমিষ্যসি কিম্ভূতং হংসদ্বারং হংসানাং দ্বারং মানসসরোবর গমনায় দ্বারমিত্যর্থঃ। পুনঃ কিম্ভূতং ভৃগুপতি যশোবর্ত্ম পুরাকিল পরশুরামেণাস্ত্রেণ ভিত্বা ক্রৌঞ্চ পর্ব্বতে রন্ধ্রং কৃতমিতি প্রসিদ্ধং। ত্বং কীদৃশঃ তির্য্যগ্‌বক্রঃ আয়ামেন দৈর্ঘ্যেণ শোভিতুং শীলং যস্য। পুনঃ কিম্ভূতঃ শ্যামঃ কৃষ্ণবর্ণঃ। অত্রোৎপ্রেক্ষামাহ বলি নিয়মনাদ্ধেতোঃ অভ্যুদ্যতস্য বিষ্ণোঃ পা দইব চরণ ইব। ৫৯।

ভাষা।

হে মেঘ হিমগিরি সমীপবর্ত্তি পূর্ব্বোক্ত নদী পর্ব্বতা দি অতিক্রম করিয়া ক্রৌঞ্চ পর্ব্বতীয়রন্ধ্রদ্বারা উত্তরদিক্

গমন করিবে, পরশুরাম অস্ত্রদ্বারা যে রন্ধ্র করিয়াছেন অতএব তাঁহার যশঃ পথরূপ হইয়াছে, যে রন্ধ্রদ্বারা হংস সকল মানস সরোবরে গমনকরে, তুমিও বক্র এবং বিস্তৃত শোভান্বিত, অতএব বলিদমনার্থ উদ্যত শ্রীকৃষ্ণের শ্যামল বিস্তৃত চরণতুল্য হইয়াছ ॥ ৫৯ ॥

মূল।

গত্বা চোর্দ্ধ্বং দশমুখভুজা চ্ছ্বাসিত প্রস্থসন্ধিঃ কৈলাসস্য ত্রিদশ বনিতা দর্পণস্যাতিথিঃ স্যাৎ। শৃঙ্গোচ্ছ্রায়ৈঃ কুমুদ বিষদৈর্যো বিতত্য স্থিতঃ খংরাশীভূতঃ প্রতিদিশমিব ত্র্যম্বকস্যাট্টহাসঃ ॥ ৬০ ॥

টীকা।

হে মেঘ তস্য কৈলাসস্য ঊর্দ্ধ্বং গত্বা ত্রিদশ বনিতা দর্পণস্যাতিথিঃ স্যাঃদেব বনিতানাং দর্পণে প্রতিবিম্বিতো ভবিষ্যসীত্যর্থঃ। অতিথির্না গৃহাগতে ইত্যমরঃ। কিম্ভূতস্য দশমুখভুজোচ্ছ্বাসিত প্রস্থসন্ধেঃ দশমুখভুজৈরুচ্ছ্বাসিতঃ উল্লসিতঃ শ্লথীকৃতঃ প্রস্থসন্ধিমূর্লবন্ধো যস্য। তস্য। যঃ কৈলাসঃ কুমুদ বিষদৈঃ শৃঙ্গোচ্ছ্রায়ৈঃ খং বিতত্য স্থিতঃ ব্যাপ্যস্থিত ইত্যর্থঃ। আকাশং ধবলীকৃত্যস্থিত ইতি যাবৎ। অত্রোৎপ্রেক্ষামাহ ত্র্যম্বকস্য শিবস্য অট্টহাসইব। কিম্ভূতঃ প্রতিদিশং রাশীভূতঃ। ৬০।

ভাষা ।

হে মেঘ তুমি কৈলাসের ঊর্দ্ধভাগে গমন করিয়া দেবপত্নীদিগের মুখপ্রতিবিম্বিত দর্পণে প্রতিবিম্বিত হইবে, যে কৈলাস উচ্চতর ধবলিত শৃঙ্গদ্বারা গগণ ব্যাপ্ত হইয়া স্থিতি করিতেছেন, অতএব বোধহয় শিবের শুভ্র বর্ণ অট্ট অট্ট হাস্যতুল্য হইয়াছেন, এবং যে শৈলের মূল বন্ধ রাবণ বিংশতি ভুজদ্বারা শ্লথীভূত করিয়াছেন । ৬০

মূল ।

উৎপশ্যামি ত্বয়িতটগতে স্নিগ্ধভিন্নাঞ্জনাভে সদ্যঃ ক্লত্তদ্বিরদ দশন ছেদগৌরস্য তস্য । শোভামদ্রে স্তিমিত নয়ন প্রেক্ষণীয়াং ভবিত্রীং সংমন্যেস্ত সতি হলভৃতো মেচকে বাসসীব ॥ ৬১ ॥

টীকা ।

হে মেঘ ত্বয়িতটগতে সতি অদ্যাদ্রে ভবিত্রীং ভবিষ্যন্তীং শোভাং উৎপশ্যামি তর্কযামি কিম্ভূতাং স্তিমিত নয়ন প্রেক্ষণীয়াং স্তিমিতং নিমেষরহিতং যল্লোচনং তেন দর্শনীয়াং ত্বয়ি কিম্ভূতে স্নিগ্ধভিন্নাঞ্জনাভে স্নিগ্ধং চিক্কণং ভিন্নং দ্বিধাকৃতং যদঞ্জনং তদ্বদাভা দীপ্তির্যস্য তস্মিন্ । অদ্রেঃ কিম্ভূতস্য সদ্য স্তৎক্ষণাৎ কৃত্তা যে দ্বিরদ দশনা স্তেষাং ছেদবৎ খণ্ডবৎ গৌরস্য । অত্রোৎ প্রেক্ষ

স্তে মেচকে কৃষ্ণবর্ণে বাসসি অংসন্যস্তে স্কন্ধার্পিতে সতি হলভৃতো বলরামস্য শোভামিব। পর্ব্বতস্য বলরামেণ মেঘস্য নীলবস্ত্রেণ সাম্যং স্কন্ধোভুজশিরোহংসো স্ত্রীত্যমরঃ। ৬১।

ভাষা।

হে মেঘ দ্বিরদরদতুল্য গৌরচ্ছবি যে কৈলাস তাহার একদেশে স্নিগ্ধ ভিন্নাঞ্জনতুল্য রূপী তুমি গমন করিলে নির্নিমেষ লোচনদ্বারা তোমার শোভা প্রেক্ষণীয়া হইবে ইহা বিতর্ক করিতেছি, স্বচ্ছশ্বেতাভ বলদেবের স্কন্ধদেশে নীল বস্ত্র অর্পিত হইলে যাদৃশ শোভাহয় তদ্রূপ ॥ ৬১।

মূল।

তস্মিন্‌হিত্বা ভুজগ বলয়ং শম্ভুনা দত্তহস্তা ক্রীড়াশৈলে যদিচ বিহরেৎ পাদচারেণ গৌরী। ভঙ্গীভক্ত্যা বিরচিত বপুঃ স্তম্ভিতান্তর্জলৌঘঃ শোপানত্বং ব্রজ পদসুখস্পর্শমারোহণেষু॥ ৬২॥

টীকা।

হে মেঘ তস্মিন্ ক্রীড়া পর্ব্বতে পদসুখ স্পর্শং যথাস্যাত্তথা আরোহণেষু শোপানরূপ তৎশরীরেষু যদি পাদচারেণ পাদন্যাসেন গৌরী পার্ব্বতী ভ্রমতি তদাত্বং শোপানত্বং ব্রজ যাস্যসি। আরোহণং স্যাৎ শোপানং নিঃশ্রেণিস্ত্বধিরোহিণীত্যমরঃ। গৌরী কীদৃ

শী ভুজগবলয়ং হিত্বা শম্ভুনা দত্তহস্তা দত্তোহস্তোয়স্যৈ সা ত্বং কিম্ভূতঃ স্তম্ভিতান্তর্জ্জলৌঘঃ স্তম্ভিতঃ স্থিরীকৃতো হন্তর্জ্জলৌঘো জলসমূহোয়েন। পুনঃ কিম্ভূতঃ ভঙ্গী ভক্ত্যা বক্রভাবেন বিরচিতবপুঃ নির্ম্মিতদেহঃ। ৬২।

ভাষা।

হে মেঘ যদি হরমোহিনী ভবানী মহাদেবের অহিবলয়শূন্য হস্তদ্বারা ধৃত হস্তা হইয়া সেই কৈলাসমধ্যে ক্রীড়ার্থ পাদ বিহরণদ্বারা ভ্রমণ করেন, তবে তাঁহার অতি সুকোমল রক্তোৎপলতুল্য চরণের সুখস্পর্শ নিমিত্ত স্বদেহমধ্যে জলস্তম্ভন করিয়া বক্রদেহের বিস্তার পূর্ব্বক সোপানীভূত হইবে। ৬২।

মূল।

তত্রাবশ্যং বলয় কুলিশোদ্ঘট্টনোদ্গীর্ণতোয়ং নেষ্যন্তিত্বাং সুরযুবতয়ো যন্ত্রধারা গৃহত্বং। তাভ্যো মোক্ষস্তব যদি সখে ঘর্ম্মলব্ধস্য নস্যাৎ ক্রীড়ালোলাঃ শ্রবণপরুষৈ গর্জ্জিতৈর্ভায়য়েস্তাঃ॥ ৬৩॥

টীকা।

হে মেঘ তত্র কৈলাসে সুরযুবতয়ো অবশ্যং ত্বাং যন্ত্রধারা গৃহত্বং জলযন্ত্র গৃহত্বং নেষ্যন্তি ত্বাং কিম্ভূতং বলয় কুলিশোদ্ঘট্টনোদ্গীর্ণতোয়ং বলয়েষু যে কুলিশানি হীরকানি তৈরুদ্ঘট্টন মুদ্রে

খনং তেনোদ্গীর্ণং উদ্বান্তং তোয়ং যেন তথাভূতং। হে সখে যদি তাভ্যঃ সুর স্ত্রীভ্যঃ তবমোক্ষঃ স্যাগো নস্যাত্তদাগর্জ্জিতৈস্ত্বা ভায়য়েঃ গর্জ্জিতৈঃ কিম্ভূতৈঃ শ্রবণ পরুষৈঃ শ্রুতিকটুভিঃ। তাঃ কিম্ভূতাঃ ক্রীড়ালোলাঃ ক্রীড়ায়াং চঞ্চলাঃ তব কিম্ভূতস্য ঘর্ম্মলব্ধস্য গ্রীষ্ম প্রাপ্তস্য। ৬৩।

ভাষা।

হে মেঘ সেই কৈলাস পর্ব্বতে অমর ললনাগণের হস্ত বলয়স্থ হীরকদ্বারা উদ্‌ঘাটিত হইয়া জল বমন করিলে সেই সকল যুবতীগণের জলযন্ত্র গৃহ স্বরূপ অবশ্যই হইবে, যদি গীষ্ম প্রাপ্তিবশতঃ তাহাদিগের প্রতি জল ত্যাগ না কর তবে ক্রীড়াচঞ্চলা সেই সকল স্ত্রীদিগের শ্রুতি কটু কঠোর ধ্বনিদ্বারা ভয় প্রদর্শন করাইবে। ৬৩।

মূল।

হেমাম্ভোজ প্রসবি সলিলং মানসস্যাদদানঃ কুর্ব্বন্ কামাৎ ক্ষণমুখপট প্রীতিমৈরাবতস্য। ধুন্বন্বাতৈঃ সজল পৃষতৈঃ কল্পবৃক্ষাংশুকানি ছায়াভিন্ন স্ফটিক বিষদং নির্ব্বিশে স্তং নগেন্দ্রং॥ ৬৪॥

টীকা।

হে মেঘ ত্বং নগেন্দ্রং নির্ব্বিশেঃ প্রবেক্ষ্যসি তং কিম্ভূতং ছায়য়া ভিন্নস্ফটিক বিষদং ছায়য়া প্রতিবিম্বেন ভিন্নঞ্চ তৎস্ফটি

কঞ্চেতি তেন বিষদং নির্ম্মলং। চ্ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্ব মনাতপ ইত্যমরঃ॥ ত্বং কিম্ভূতঃ মানসস্য সরোবর বিশেষস্য সলিলং জল মাদদানঃ সলিলং কিম্ভূতং হেমাম্ভোজ প্রসবি হেমাম্ভোজ মেবাবশ্যং প্রসূতে ইত্যাবশ্যকার্থে ণিন্। পুনঃ কিম্ভূতঃ ঐরাবতস্য প্রীতিং কুর্ব্বন্ কামাদিচ্ছাতঃক্ষণং ব্যাপ্য ঐরাবতস্য মুখপটঃ পুনঃ কিম্ভূতঃ বাতৈঃ কল্পবৃক্ষাংশুকানি ধুন্বন্ কম্পয়ন্ কল্পবৃক্ষেহি লতারূপঅংশুকানি। বাতৈঃ কিম্ভূতৈঃ সজল পৃষতৈঃ জল পৃষতৈ র্জলবিন্দুভিঃ সহবর্ত্তন্তে তৈঃ ৬৪।

ভাষা।

হে মেঘ তুমি ঐরাবত করীন্দ্রকে স্বেচ্ছাপূর্ব্বক প্রীতিযুক্ত করিয়া এবং ক্ষণকাল সেই গজেন্দ্রের মুখাচ্ছাদন বাস স্বরূপ হইয়া মানস সরোবরের স্বর্ণপদ্মযুক্ত নির্ম্মল জল গ্রহণ করিয়া জলকণা বাহি সমীরণদ্বারা কল্প বৃক্ষলতা কম্পন পুরঃসর প্রতিবিম্বভিন্ন স্ফটিকদ্বারা অতি শুভ্র যে নগেন্দ্র তাহাতে প্রবেশ করিবে। ৬৪।

মূল।

তস্যোৎসঙ্গে প্রণয়িনইব স্রস্তগঙ্গা দুকূলাং নত্বা দৃষ্ট্বা নপুন রলকাং জ্ঞাস্যসে কামচারিন্। যা বঃ কালে বহতি সলিলোদ্গারমুচ্চৈ র্বিমানৈ র্মুক্তাজাল গ্রথিত মলকং কামিনীবাভ্রবৃন্দং॥ ৬৫॥

টীকা।

হে কামচারিন্ হে মেঘ তস্য কৈলাসস্য উৎসঙ্গে ক্রোড়ে অল কাং দৃষ্ট্বা পুন র্জ্ঞাস্যসে অপিতু জ্ঞাস্যসীত্যর্থঃ। অলকাং কিম্ভূতাং স্রস্তা পালিতা যা গঙ্গা সৈব দুকূলং বস্ত্রং যস্যাঃ। তস্য কিম্ভূতস্য প্রণয়িন ইব প্রিয়স্যেব। যা অলকা বো যুষ্মাকং কালে বর্ষাসু অভ্রবৃন্দং মেঘসমূহং] উচ্চৈর্মহদ্ভির্বিমানৈ র্বহতি দধাতি কিম্ভূত মভ্রবৃন্দং সলিলোদ্গারং। কমিব কামিনী অলকমিব অলকং কিম্ভূতং মুক্তাজাল গ্রথিতং। ৬৫।

ভাষা।

হে মেঘ প্রিয়কান্ততুল্য কৈলাস পর্ব্বতের ক্রোড়স্থা কামিনী সদৃশ যে অলকা তাহার দৃষ্টিমাত্রেই জ্ঞাতা হইবে, যে অলকাপুরীর স্রবন্তী ভাগিরথী পরিধান বস্ত্র স্বরূপা হইয়াছেন, এবং কামিনীজনের মুক্তাজাল গ্রথিত অলকাবলীতুল্য জল সমূহ উদগারি মেঘগণকে মহৎ বিমানদ্বারা বর্ষাকালে যে অলকাপুরী ধারণ করিতেছেন।৬৫

মূল।

বিদ্যুত্বন্তং ললিতবনিতাঃ সেন্দ্রচাপং সচিত্রাঃ সঙ্গীতায় প্রহত মুরজাঃ স্নিগ্ধ গম্ভীরঘোষং। অন্তস্তোয়ং ম-

ণিময় ভুবস্তুঙ্গ মভ্রংলিহাগ্রাঃ প্রাসাদাস্ত্বাং তুলয়িতুম
লং যত্র তৈস্তৈর্বিশেষৈঃ ।। ৬৬ ।।

টীকা ।

হে মেঘ যত্র অলকায়াং প্রাসাদা দেবগৃহাঃ ত্বাং তুলয়িতু সমর্থাঃ কৈঃ তৈ স্তৈর্বিশেষৈঃ অতস্তাং দৃষ্ট্বা জ্ঞাস্যসে ইত্যন্বয়ঃ । তমেব বিশেষমাহ ত্বাং কিম্ভূতং বিদ্যুত্বন্তং বিদ্যুদ্বিশিষ্টং । তে কিম্ভূতাঃ । ললিতবনিতাঃ । ললিতামনোহরাবনিতাঃ স্ত্রীয়োয়েষু । পুনঃ ত্বাং কিম্ভুতং । সেন্দ্রচাপং ইন্দ্রস্য চাপেন ধনুষাসহবর্ত্ততে তং । তে কিম্ভূতাঃ বিচিত্রাঃ । পুনস্ত্বাং কিম্ভূতং স্নিগ্ধগম্ভীরঘোষং স্নিগ্ধোগম্ভীরোঘোষোধ্বনির্যস্যতং । তে পুনঃ সঙ্গীতায় প্রহত মুরজাঃ পুনস্ত্বাং কিম্ভূতং অন্তস্তোয়ং জলগর্ভং তে পুনঃ কিম্ভূতাঃ মণিময় ভুবঃ মণিময়া শ্চন্দ্রকান্তাদিযুক্ত ভুবঃ স্থানানি যেষাং । ত্বাং পুন স্তুঙ্গং উন্নতং তে পুনরভ্রং লিহাগ্রাঃ । অভ্রং লিহানি মেঘস্পর্শীনি অগ্রাণি যেষাং তে ॥ ৬৬ ॥

ভাষা ।

হে মেঘ সেই অলকাপুরমধ্যে তোমার সদৃশ সৌভা-গ্যযুক্ত যে দেবগৃহ সকল তদ্দর্শনে তুমি অবশ্যই জ্ঞাত হইবে, যেসকল প্রাসাদ চঞ্চল সুশোভিত বিদ্যুল্লতাতুল্য কামিনীগণযুক্ত হইয়াছে, এবং ইন্দ্রচাপ সদৃশ নানা চি-ত্রান্বিত হইয়াছে, ও স্নিগ্ধ গম্ভীর ঘনঘোষসম সঙ্গীতকা

লীন মুরজ বাদ্যযুক্ত হইয়াছে, তথা মেঘ গর্জ্জনীর সদৃশ প্রদীপ্ত চন্দ্রকান্তাদি মণিযুক্ত হইয়াছে, এবং ত্বৎ সদৃশ উচ্চতর। ৬৬।

মূল।

হস্তে লীলা কমল মলকং বালকুন্দানু বিদ্ধং নীতা লোধ্রপ্রসব রজসা পাণ্ডুতা মাননস্ত্রীঃ। চূড়াপাশে নব কুরুবকং চারুকর্ণে শিরীষং সীমন্তে চ ত্বদুপগমজং যত্র নীপং বধূনাং॥ ৬৭॥

টীকা।

যত্রালকায়াং বধূনাং হস্তে লীলাকমলং অস্তীত্যধ্যাহার্য্যং। যত্র বধূনাং অলকং বালকুন্দানুবিদ্ধং কুন্দকলিকাযুক্তং। বধূনা মিতি সর্ব্বত্র যোজ্যং। যত্রবধূনা মানন শ্রীঃশোভা লোধ্র পুষ্পরেণুনা পাণ্ডুতাংনীতা। চূড়াপাশে কবরীরূপ সংস্কৃত কেশপাশে কেশসমূহে নবকুরুবকং রক্তঝিণ্টীপুষ্পং। চারু কর্ণে মনোহরশ্রোত্রে শিরীষং সীমন্তেভালস্যোর্দ্ধ দেশে ত্বদুপ গমজং তবাগমন জাতংনীপং কদম্বং তাং দৃষ্ট্বা জ্ঞাস্যসে ইত্যন্বয়ঃ॥ ৬৭॥

ভাষা।

হে মেঘ যে স্থানে পুরবাসিনী যুবতীগণ নিজ নিজ করকমলে লীলা কমল ধারণ করিতেছেন, এবং নবীন

কুন্দকুসুম কলিকাযুক্ত অলকাবলী ধারণ পূর্ব্বক সীমন্ত মধ্যে ভবদীয় আগমন জাত কদম্বপুষ্প ধারণ করিতেছেন, তথা কবরীভারমধ্যে নব কুরুবকপুষ্প, মনোহর কর্ণদ্বয়মধ্যে কোমল শিরীষ কুসুম ধারণ করিতেছেন, এবং যেস্থানে লোধ্রপুষ্পরেণুদ্বারা বধূজনের মুখশ্রী পাণ্ডুবর্ণ হইয়াছে, তৎ স্থান দর্শনে অবশ্যই অলকাপুরী বোধ হইবে। ৬৭।

মূল।

যস্যাং যক্ষাঃ সিতমণিময়ান্যেত্য হর্ম্ম্যস্থলানি জ্যোতিশ্ছায়া কুসুম রচিতান্যুত্তম স্ত্রীসহায়াঃ। আসেবন্তে মধুরতি রসং কল্পবৃক্ষ প্রসূতং ত্বদ্গম্ভীর ধ্বনিষু শনকৈঃ পুষ্করেষ্বাহতেষু ॥ ৬৮ ॥

টীকা।

যস্যামলকায়াং যক্ষাঃ রতিরসং আসেবন্তে। রতিরসং কিম্ভূতং কল্পবৃক্ষ প্রসূতং। যদ্বা মধু আসেবন্তে মধু কিম্ভূতং রতিরসং রতৌশৃঙ্গারে রসোযস্মাৎ। ইতিব্যধিকরণ বহুব্রীহিঃ। পুনঃ কিম্ভূতং কল্পবৃক্ষপ্রসূতং কল্পবৃক্ষোদ্ভবং কিং কৃত্বা হর্ম্ম্যস্থলানি এত্য কিম্ভূতানি সিত মণিময়ানি নির্ম্মল মণিযুক্তানি পুনঃ কিম্ভূতানি জ্যোতিশ্ছায়া কুসুম রচিতানি জ্যোতিষাং চন্দ্র তারাদীনাং ছায়া কান্তয় এব কুসুমানিতৈ রচিতানি যুক্তানি। যক্ষাঃ কিম্ভূতাঃ উত্তমস্ত্রী

গৃহায়াঃ বিদগ্ধস্ত্রীযুক্তাঃ কদা পুষ্করেষু মুরজাদি বাদ্যসমূহেষু শনৈর্মন্দ মন্দং যথাস্যাত্তথা আহতেষু সৎসু। কীদৃশেষু ত্বদ্গাম্ভীর ধ্বনিষু তব গম্ভীরধ্বনি রিব ধ্বনি র্যেষাং তথাতেষু অতস্তাং দৃষ্টৈব জ্ঞাস্যসীত্যর্থঃ॥ ৬৮॥

ভাষা।

যে অলকাপুরমধ্যে যক্ষ সকলে কুসুম সদৃশ শুভ্র চন্দ্র কান্তিযুক্ত নির্ম্মল মণিময় অট্টালিকার উপরিভাগে রমণীয় বিদগ্ধ কামিনী সমভিব্যাহারে শৃঙ্গার কালীন রতিরস বর্দ্ধক, ও কল্পবৃক্ষ প্রসূত সুধাসম মধুপান করিতেছেন, তৎ স্থান প্রস্থানে অবশ্যই অলকা বোধ হইবে। ৭৮।

মূল।

গত্যুৎকম্পাদলক পতিতৈর্যত্র মন্দারপুষ্পৈঃ ক্লপ্ত চ্ছেদ্যৈঃ কনক নলিনৈঃ কর্ণবিভ্রংসিভিশ্চ। মুক্তাজাল স্তন পরিসর ছিন্নসূত্রৈশ্চ হারৈ র্নৈশো মার্গঃ সবিতুরুদয়ে সূচ্যতে কামিনীনাং॥ ৬৯॥

টীকা।

হে মেঘ যত্র অলকায়াং কামিনীনাং নৈশোমার্গঃ নিশাসম্বন্ধী পন্থাঃ সবিতুঃ সূর্য্যস্য উদয়ে সূচ্যতে উন্নীয়তে কৈঃ মন্দারপুষ্পৈঃ

কিম্ভূতৈঃ গত্যুৎকম্পাদলক পতিতৈঃ গত্যে রমান্দ্যাৎ অলকাৎ কেশবিন্যাসাৎ পতিতৈঃ ভ্রষ্টৈঃ। তথা ক্লপ্তচ্ছেদৈঃ ক্লপ্তানি কৃত্তানি তানিচ্ছেদ্যানি ছেদনীয়ানি চেতিতৈঃ। পুনঃ কৈঃ কনক নলিনৈঃ স্বর্ণপাদ্মৈঃ কিম্ভূতৈঃ কর্ণবিভ্রংসিভিঃ কর্ণাদ্বিভ্রংসিতুং পতিতুং শীলং যেষাং তে তৈঃ। পুনঃকৈঃ হারৈঃ কিম্ভূতৈঃ মুক্তানাং জালঃ সমূহো যেষু তৈঃ। পুনঃ কিম্ভূতৈঃ স্তনপরিসরচ্ছিন্ন সূত্রৈঃ স্তনানাং পরিসরেণ ছিন্নং সূত্রং তৈঃ অতস্তাং দৃষ্ট্বা জ্ঞাস্যসীত্যন্বয়ঃ। ৬৯

ভাষা।

হে মেঘ যে অলকাপুরমধ্যে যুবতীদিগের সভয় চঞ্চল গমনপ্রযুক্ত কবরী হইতে পতিত মন্দারপুষ্পদ্বারা, এবং অবশ্য চ্ছেদনীয় ছিন্নলোমাদিদ্বারা, ও কর্ণ পতিত ছিন্ন পদ্মদ্বারা, তথা স্থূল পয়োধর মধ্যস্থ ছিন্ন মুক্তাহারদ্বারা, ঘনঘোষিত যামিনীযোগে কামিনীগণের সঙ্কেতস্থান গমনের পদবী সূর্যোদয়কালে বোধ হইতেছে, তদ্দর্শনে তোমার অবশ্যই অলকা জ্ঞান হইবে। ৬৯

মূল।

নীবীবন্ধোচ্ছ্বলিত শিথিলং যত্র যক্ষাঙ্গনানাং বাসঃ কামাদনিভৃতকরেষ্বাক্ষিপৎসু প্রিয়েষু। অর্চিস্তুঙ্গানভিমুখগতান্ প্রাপ্য রত্ন প্রদীপান হ্রীমূঢ়ানাং ভবতি বিফল প্রেরণা চূর্ণমুষ্টি॥ ৭০ ॥

টীকা।

হে মেঘ যত্রালকায়াং যক্ষাঙ্গনানাং চূর্ণমুষ্টিঃ কর্পূরাদি চূর্ণ মুষ্টিঃ বিফল প্রেরণা ভবতি বিফলং প্রেরণায়ং ক্ষেপোযস্যাঃ সা কিম্ভূতানাং হ্রীমূঢ়ানাং হ্রিয়ালজ্জয়া মূঢ়ানাং কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেক রহিতানাং কিং কৃত্বা রত্নদীপান্ প্রাপ্য রত্নান্যেব দীপাস্তান্ কিম্ভূতান্ অর্চ্চিস্তুঙ্গান্ অর্চ্চিষাকান্ত্যা তুঙ্গান্ মহতঃ। পুনঃ কিম্ভূতান্ অভিমুখ গতান্ সংমুখগতান্ কদা প্রিয়েষুকান্তেষু কামাদিচ্ছাতঃ বাসোবস্ত্রং অক্ষিপৎসু। আকর্ষৎসু সৎসু কিম্ভূতেষু অনিভৃত করেষু অনিভৃতৌ চঞ্চলৌকরৌ যেষাং তেষু কিম্ভূতং বাসঃ নীবীবন্ধস্য মেখসাগ্রন্থেঃ উচ্ছ্বলিতেন শিথিলতয়া শিথিলং বিগতং। ৭০।

ভাষা।

হে মেঘ যে অলকামধ্যে প্রিয়তমজনেরা স্বেচ্ছাধীন চঞ্চল করদ্বারা যক্ষ ললনাদিগের বৃহন্নিতম্বস্থিত রত্নমেখলাগ্রন্থি হইতে শিথিল বসন গ্রহণ পূর্ব্বক আকর্ষণ করিলে পুরোবর্ত্তি দীপতুল্য উজ্জলকান্তিযুক্ত রত্ন দর্শনে লজ্জাবশতঃ কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেকশূন্যা কামিনী দিগের নির্ব্বাণার্থ ঐ প্রদীপ্ত রত্নের উপরে কর্পূরাদি মুষ্টি বিক্ষেপ বিফল হইতেছে। ৭০।

মূল।

নেত্রানীতাঃ সততগতিনা যোবিমানাগ্রভূমী রালেখ্যানাং সলিল কণিকা দোষ মুৎপাদ্য সদ্যঃ। শঙ্কাস্পা-

ষ্টা ইব জলমুচ স্ত্বাদৃশা যত্রজালৈ ধূমোদ্গারানুকৃতি পুনিণা জর্জ্জরা নিষ্পতন্তি ॥ ৭১ ॥

টীকা।

হে মেঘ যত্রালকায়াং ত্বাদৃশাস্ত্বদ্বিধা জলমুচো জালৈর্গবাক্ষৈ র্নিষ্পতন্তি কিম্ভূতাঃ ধূমোদগারাণাং অনুকৃতৌ সদৃশী করণে নিপুণাঃ পুনঃ কিম্ভূতাঃ জর্জ্জরাঃ খণ্ড খণ্ডাঃ পুনঃ কিম্ভূতাঃ শঙ্কাস্পৃষ্টাইব ভয়যুক্তাইব ॥ কিং কৃত্বা সদ্যঃ স্তৎক্ষণাৎ আলেখ্যানাং চিত্রাণাং সলিল কণিকাদোষং উৎপাদ্য সলিল কণিকাভি র্জ্জলকণাভির্দ্দোষন্তুং। সততগতিনাবায়ুনা যে মেঘা বিমানাগ্রভূমীঃ উত্তম গৃহাগ্রং নীতাঃ বায়ুনা কিম্ভূতেন নেত্রা নয়নশীলেন ॥ ৭১ ॥

ভাষা।

হে মেঘ যে অলকাপুরমধ্যে তোমার সদৃশ মেঘ সকল উর্দ্ধ প্রাপণকারি সমীরণ কর্ত্তৃক খণ্ডখণ্ডীকৃত হইয়া অট্টালিকার উপরিভাগ প্রাপণে বিন্দু বিন্দু জল পতন দ্বারা ভিত্তিস্থিত চিত্রিত পটকের দোষ উৎপন্ন করিয়া ভীত ভীতেরন্যায় গবাক্ষদ্বার হইতে ধূমেরন্যায় নির্গত হইবে। ৭১

মূল।

যত্র স্ত্রীণাং প্রিয়তমভুজোচ্ছ্বাসিতা লিঙ্গিতানা মঙ্গগানিং সুরত জনিতাং তন্তুজালাদলম্বাঃ। ত্বৎ সংরোধাপ

গম্ বিষদৈশ্চোদিতা শ্চন্দ্রপাদৈর্ব্ব্যালুম্পন্তি স্ফুটজললব স্যন্দিন শ্চন্দ্রকান্তাঃ ॥ ৭২ ॥

টীকা ॥

হে মেঘ যত্রালকায়াং চন্দ্রকান্ত মণয়ঃ স্ত্রীণাং সুরতজনিতাং অঙ্গগ্লানিং ব্যালুম্পন্তি। কিম্ভূতানাং প্রিয়তমভুজাভ্যাং আদৌউচ্ছ্বা-সিতা উত্থাপিতাঃ পশ্চাৎ আলিঙ্গিতাঃ তাসাং । কিম্ভূতাঃ তন্তুজালা বলম্বাঃ তন্তুনাং সূত্রাণাং জালং মেলনবিশেষ স্তত্রাবলম্বন্তে দোলা য়ন্তে ইত্যর্থঃ। তথা স্ফুটং ব্যক্তং জললবং স্যন্দিতুং ক্ষরিতুং শীলং যেষাং পুনঃ কিম্ভূতাঃ চন্দ্রপাদৈশ্চন্দ্রকিরণৈ শ্চোদিতাঃ প্রে-রিতাঃ কিম্ভূতৈঃ ত্বৎসংরোধাপগমবিষদৈঃ তবসংরোধস্য একত্রা বস্থানস্য অপগমেনাভাবেন বিষদৈ র্নির্ম্মলৈঃ। তাং দৃষ্ট্বা জ্ঞাস্য সীত্যন্বয়ঃ ॥ ৭২ ॥

ভাষা।

হে মেঘ যে অলকাপুরে তোমার অবস্থানাভাব প্রযুক্ত নির্ম্মল সুধাংশু কিরণদ্বারা প্রকাশিত, ও সূত্রজালমধ্যে দোদুল্যমান, তথা ব্যক্তীভূত জলকণাক্ষরণশীল চন্দ্রকান্তমণিসকল, নায়ক বাহুলতাদ্বারা উত্থাপন পূর্ব্বক আ-লিঙ্গিতা কামিনীদিগের শৃঙ্গারজনিত অঙ্গবেদনা দূরী করণ করিতেছে। ৭২।

মূল।

মত্বা দেবং ধনপতিসখং যত্র সাক্ষাদ্বসন্তং প্রায়শ্চাপং ন.বহতিভয়া ন্মন্মথঃ ষট্পদ জ্যং সভ্রূভঙ্গ প্রহিত নয়নৈঃ কামিলক্ষেষ্বমোঘৈ স্তস্যারম্ভ শ্চটুল বনিতা বিভ্রমৈরেব সিদ্ধঃ ॥ ৭৩ ।

টীকা।

হে মেঘ যত্রালকায়াং প্রায়োবাহুল্যেন মন্মথঃ কামঃ চাপং ধনু র্নবহতি কস্মাৎভয়াৎ কিং কৃত্বা ধনপতিসখং দেবং শিবং সাক্ষাদ্বসন্তং মত্বা চাপং কিংভূতং ষট্পদজ্যং ষট্পদাঃ ভ্রমরাঃ জ্যা গুণো যত্র । নন্বেবং চেত্তদা তত্র কিং কামচেষ্টা নাস্তীতি মেঘাভিপ্রায়ে আহ ংতস্য কন্দর্পাস্যারম্ভঃ চটুলবনিতাবিভ্রমৈ রম্যবনিতা বিলাসৈ রেব সিদ্ধঃ সম্পন্নঃ । চটুলং চকিতেরম্যে চঞ্চলে পরিকীর্ত্তিত ইতিমেদনী । কিম্ভূতৈঃ সভ্রূভঙ্গপ্রহিত নয়নৈঃ সভ্রূভঙ্গং যথা প্রহিতানি প্রেরিতানি নয়নানি যত্র তৈঃ পুনঃ কিম্ভূতৈঃ কামিলক্ষ্যেষু অমোঘৈঃ কামিন এবলক্ষ্যাবেধ্যা স্তেষু অব্যর্থৈঃ ॥ তাং দৃষ্ট্বা জ্ঞাস্যসীত্যন্বয়ঃ ॥ ৭৩ ॥

ভাষা।

হে মেঘ যে অলকাপুরীমধ্যে কুবের সখ মন্মথমথন মহাদেবের সর্ব্বদা অবস্থান বিদিত হইয়া কামদেব ভয়যুক্তেরন্যায় প্রায় মধুকরময় গুণযুক্ত কুসুম শরাসন গ্রহণ করেন না, কেবল কমনীয় কামিনীগণের শৃঙ্গার ভাবজাত বিলাষক্রীড়াদ্বারা মন্মথ কার্য্য সিদ্ধ হইতেছে; যে বিলাষ

ক্রিয়া শরপতনলক্ষ কামিজনেতে অব্যর্থ কামচাপতুল্য ভ্রূভঙ্গিযুক্ত নয়নবাণক্ষেপশালিনী হইয়াছে। ৭৩।

মূল।

তত্রাগারং ধনপতিগৃহা দুত্তরেণাস্মদীয়ং দূরাল্লক্ষ্যং সুরপতি ধনুশ্চারুণা তোরণেন। যস্যোদ্যানে কৃতকতনয়ঃ কান্তয়া বর্দ্ধিতো মে হস্তপ্রাপ্য স্তবকনমিতো বাল মন্দার বৃক্ষঃ ॥ ৭৪ ॥

টীকা॥

ভবদ্বচনাত্তত্র গতেন ময়া ভবতো গৃহং কথংজ্ঞাতব্যংইতি মেঘাভিপ্রায়ে আহ হে মেঘ যত্রালকায়াং অস্মদীয়ং গৃহং ধনপতি গৃহা দুত্তরেণ। তত্র কতি গৃহাঃসন্তি তেষাং মধ্যে ত্বদ্গৃহং কথংজ্ঞাতব্যং ইতি মেঘাভিপ্রায়ে বিশেষণং আহ তোরণেন বহির্দ্বারেণোপলক্ষিতং দূরা ল্লক্ষ্যংতোরণেন কিম্ভূতেন সুরপতিধনুশ্চারুণা ইন্দ্রচাপবৎ সুন্দরেণ। তত্র বহুষু গৃহেষু তথাবিধানিতোরণানি সন্তি ইতি মেঘাভি প্রায়ে পুনরাহ যস্য গৃহস্য উদ্যানে উপবনে বালমন্দারবৃক্ষোস্তি কিম্ভূতঃ মে মম কান্তয়া বর্দ্ধিতঃ পুনঃ কিম্ভূতঃ কৃতকতনয়ঃ কৃত্রিম পুত্রইব পুনঃ কিম্ভূতঃ হস্তপ্রাপ্য স্তবকনমিতঃ। হস্ত প্রাপ্যেণ করলভ্যেন গুচ্ছেন নমিতঃ ॥ ৭৪ ॥

ভাষা।

হে মেঘ সেই অলকাপুরমধ্যে কুবেরভবনের উত্তর দিগ্‌ভাগে ইন্দ্রচাপতুল্য মনোহর বহির্দ্বারযুক্ত মদীয় নি

কেতন দূর হইতে লক্ষ্যকরিবে, যে ভবনোদ্যানে কৃত্রিম পুত্রেরন্যায় মদীয় কান্তা কর্ত্তৃক সম্বর্দ্ধিত পারিজাত কুসুমের নবীন পাদপ আছে, যে মন্দারতরু হস্তলভ্য স্তবকদ্বারা নম্রীভূত হইয়াছে । ৭৪ ॥

মূল ।

বাপী চাস্মিন্ মরকতশিলা বদ্ধসোপানমার্গা হৈমৈশ্ছান্নাঃ কমল মুকুলৈঃ স্নিগ্ধ বৈদূর্য্যনালৈঃ । যস্যাস্তোয়ে কৃতবসতয়ো মানসং সন্নিকৃষ্টং ন ধ্যাস্যন্তি ব্যপগতশুচস্ত্বা মপি প্রেক্ষ্য হংসাঃ ॥৭৫॥

টীকা ।

হে মেঘ অস্মিন্ মমগৃহস্য উদ্যানে বাপী অন্তঃপুরগতা ক্রীড়া পুষ্করিণী অস্তি কিম্ভূতা মরকত শিলাভিঃ মণিপাষাণৈর্ব্বদ্ধোঘটিতঃ সোপান মার্গোযস্যাঃ । সা পুনঃ কিংভূতা হৈমৈ সুবর্ণৈঃ কমল মুকুলৈঃ পদ্মকলিকাভিশ্ছন্না কিম্ভূতৈঃ স্নিগ্ধবৈদূর্য্যনালৈঃ স্নিগ্ধস্য রুক্ষস্য বৈদূর্য্যমণের্নালানি যেষাং তৈ । যস্যাঃ বাপ্যাস্তোয়ে কৃত বসতযো হংসা সন্নিকৃষ্টং সমীপবর্ত্তিন মপিমানসং ন অধ্যাস্যন্তি চিন্তয়িষ্যন্তি কিং কৃত্বা ত্বা মপি পেক্ষ্য ব্যপগতশুচঃ ব্যপগতা নষ্টাঃ শুচঃ শোকাযেষাং তে । ৭৫ ।

ভাষা ।

হে মেঘ সেই মদীয় ভবনোদ্যানে অন্ত পুরবাসিনী

সীমন্তিনীদিগের ক্রীড়ার্থ পুষ্করিণী আছে, যাহার সোপান মনিময় শিলাদ্বারা বদ্ধহইয়াছে, এবং যে জলাশয় কনক কমল কোরক নিকরদ্বারা আচ্ছন্ন হইয়াছে, যে সকল কমল কলিকার মৃণাল, স্নিগ্ধ বৈদুর্য্যমণিময়, তন্নীরবাসি হংসগণ তোমার এই শ্যামলরূপ দর্শন করিলে নিকটবর্ত্তি মানস সরোবর গমনের অভাবজনিত মানসী পীড়াযুক্ত হইবে না। ৭৫।

মূল।

তস্যাস্তীরে রচিতশিখরঃ পেশলৈরিন্দ্রনীলৈঃ ক্রীড়াশৈলঃ কনক কদলীবেষ্টনঃ প্রেক্ষণীয়ঃ। মদ্গেহিন্যাঃ প্রিয় ইতি সখে চেতসা কাতরেণ প্রেক্ষোপান্ত স্ফুরিত তড়িতং ত্বাং তমেব স্মরামি॥ ৭৬॥

টীকা।

পুনশ্চিহ্নান্তরমাহ হে মেঘ তস্যা বাপ্যাস্তীরে ক্রীড়াশৈলোপ্যস্তি চিত্রগৃহমস্তীত্যর্থঃ। ক্রীড়াশৈলশ্চিত্রগৃহে মুরালিপ্ত গৃহান্তর ইতি হড্ডঃ। কিম্ভূতঃ পেশলৈঃ সুন্দরৈ ইন্দ্র নীলৈ রচিতশিখরঃ। পুনঃ কিম্ভূতঃ কনক কদলী বেষ্টনেন প্রেক্ষণীয়ঃ। পুনঃ কিম্ভূতঃ মদ্গেহিন্যাঃ প্রিয়ঃ। ইতিহেতোঃ হে সখে ত্বাং প্রেক্ষ্য কাতরেণ চেতসা তমেব স্মরামি ত্বাং কিম্ভূতং উপান্তস্ফুরিত তড়িতং উপান্তে সমীপে

স্ফুরিতা তডিদ্বিদ্যুৎ যস্যতং। এতেন মেঘস্য ক্রীড়া শৈলতুল্যত্বং বিদ্যুতাঞ্চ কনক কদলীতুল্যত্বং। অতো মেঘাদি দর্শনাৎ সাদৃশ্য সম্বন্ধেন সম্বন্ধিনো চিত্রগৃহস্যস্মৃতিঃ। ৭৬।

ভাষা।

